# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 11, 1431 Bangla, April 24, 2024, Wednesday, No. 115, 54th year


# H I G H L I G H T S

PM Sheikh Hasina held bilateral meeting with Emir of Qatar Sheikh Tamim Bin Hamad Al Thani. 10 cooperation documents, five agreements and MoUs signed to strengthen ties on multiple fronts. (R. Tehran: 12)

AL GS Obaidul Quader says, conspiracy is going on to overthrow the elected government. Adds, despite fair election and satisfactory voter turnout, local and foreign circles are still lying about the election. (R. Today: 14)

State Minister for Labour and Employment Md. Nazrul Islam Chowdhury informs US reiterates the need for upgrading labour laws; adds, govt. has been trying to satisfy them but has not been successful yet. (Jago FM: 21)

BNP SJSG Ruhul Kabir Rizvi comments the govt. has not taken any initiatives to stop border killings. (R. Today: 14)

US report on HR says there were no significant changes in situation in BD. Extrajudicial killings, disappearances, torture, illegal arrests have been highlighted in the report. Adds, the independence of the judiciary is a big problem. (BBC: 04)

According to BBS report, Bangladesh's economic growth stood at 3.78 percent in the second quarter of fiscal 2023-24, which was 7.08% in the same quarter of the previous year. (VOA: 06)

HC has asked ACC to submit a progress report on the investigation about the alleged illegal wealth of former IGP Benazir Ahmed and his family, within two months. (VOA: 07)

Students of CUET have held a sit-in programme by blocking the Chattogram-Kaptai road for the second day in protest of the death of two students in a road accident. (Jago FM: 19)

173 Bangladeshi nationals will return home tomorrow from Sittwe prison in Rakhine State of Myanmar. They had been detained at various times for illegal entry into Myanmar. (BBC: 03)

Probe bodies formed by the Islamic University authorities have found the involvement of three activeists of BCL in torturing a student of Al-Fiqh and Legal Studies Department on the campus on 7 February. (VOA: 11)

Several accidents have happened in Rajshahi when many people go down to the river or pond to escape intense heatwave. In the last 10 days, 9 people including children, drowned. (Jago FM: 23)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১১, বাংলা ১৪৩১, এপ্রিল ২৪, ২০২৪, বুধবার, নং- ১১৫, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত। সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে সহায়তা করতে ১০টি সহযোগিতার বিষয়ে নথি সই করেছে, যার পাঁচটি চুক্তি ও পাঁচটি সমঝোতা স্মারক। (রে. তেহরান: ১২)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, নির্বাচিত সরকারকে হঠানোর চক্রান্ত চলছে।সুষ্ঠু নির্বাচন এবং ভোটার উপস্থিতি সন্তোষজনক থাকা সত্ত্বেও দেশি-বিদেশী চক্র নির্বাচন নিয়ে মিথ্যাচার চালিয়ে যাচ্ছে। (রে. টুডে: ১৪)

শ্রম আইন নিয়ে যুক্তরাষ্ট্র টালবাহানা করছে মন্তব্য করে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী নজরুল ইসলাম চৌধুরী বলেন, আমরা তাদের সন্তুষ্ট করার চেষ্টা করি, কিন্তু পারি না; আমাদের ভাগ্য খারাপ। (জাগো এফএম: ২১)

সীমান্ত হত্যা বন্ধের সরকারের কোন উদ্যোগ নেই বলে মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। (রে. টুডে: ১৪)

যুক্তরাষ্ট্রের একটি প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৩ সালে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি। বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, গুম, নির্যাতন, বিধি বহির্ভূত ধর পাকড়ের কথা তুলে ধরা হয়েছে ঐ প্রতিবেদনে। এছাড়া বিচার বিভাগের স্বাধীনতা বড় ধরনের সমস্যা। (বিবিসি: ০৪)

বিবিএস এর তথ্য অনুযায়ী, ২০২৩-২৪ অর্থ বছরের দ্বিতীয় কোয়ার্টারে জিডিপি বৃদ্ধির হার ছিল ৩.৭৮%, যেটা গত বছরের একই কোয়ার্টারে ছিল ৭.০৮%। (ভোয়া: ০৬)

পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদসহ তার পরিবারের সম্পদের বিষয়ে দুদকের অনুসন্ধানের অগ্রগতি প্রতিবেদন আগামী দুই মাসের মধ্যে হাইকোর্টে দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। (ভোয়া: ০৭)

সড়ক দুর্ঘটনায় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর দুই শিক্ষার্থীর নিহতের ঘটনায় দ্বিতীয় দিনের মতো সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে সাধারণ শিক্ষার্থীরা। (জাগো এফএম: ১৯)

দীর্ঘদিন আটক থাকার পর মিয়ানমার থেকে ফেরত আসছে ১৭৩ জন বাংলাদেশি নাগরিক। যাদের ফেরত পাঠানো হয়েছে তারা বিভিন্ন সময় অবৈধ মিয়ানমারে অবৈধ অনুপ্রবেশের দায়ে আটক হয়েছিলো। (বিবিসি: ০৩)

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) গত ৭ ফেব্রুয়ারি আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের এক শিক্ষার্থীকে নির্যাতনের ঘটনায় ছাত্রলীগের তিন কর্মী যুক্ত বলে প্রমান পেয়েছে তদন্ত কমিটি। (ভোয়া: ১১)

রাজশাহীতে চলছে তীব্র তাপপ্রবাহ। দাবদাহ থেকে বাঁচতে অনেকেই নামছেন নদী বা পুকুরে, আর তাতেই ঘটছে দুর্ঘটনা। গত ১০ দিনে রাজশাহীতে ৯ শিশু-কিশোর পানিতে ডুবে মারা গেছে; এদের মধ্যে একজন তরুণও রয়েছেন। (জাগো এফএম: ২৭)

# বিবিসি

## মিয়ানমারের নৌ-বাহিনীর জাহাজে করে ফেরত আসা বাংলাদেশিরা কারা?

দীর্ঘদিন আটক থাকার পর মিয়ানমার থেকে ফেরত আসছে ১৭৩ জন বাংলাদেশি নাগরিক। তারা সবাই ছিলেন সে দেশের কারাগারে বন্দি। তারা যে জাহাজে ফেরত আসছেন মিয়ানমার নৌ-বাহিনীর সেই জাহাজেই বৃহস্পতিবার ফেরত যাবে বাংলাদেশে পালিয়ে আসা ২৮৫ জন মিয়ানমার বিজিপি সদস্যকে। মঙ্গলবার সকালে রাখাইন রাজ্যের সিটওয়ে বন্দর থেকে বাংলাদেশি নাগরিকদের নিয়ে রওয়ানা দিয়েছে মিয়ানমার নৌ-বাহিনীর জাহাজ চিন ডুইন। বুধবার জাহাজটি বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে। মিয়ানমারে বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর এ এস এম সায়েম বিবিসি বাংলাকে বলেছেন, "যাদের ফেরত পাঠানো হয়েছে তারা বিভিন্ন সময় অবৈধ মিয়ানমারে অবৈধ অনুপ্রবেশের দায়ে আটক হয়েছিল। যাচাই-বাছাই শেষে বাংলাদেশের নাগরিক বলে নিশ্চিত হওয়ার পরই তাদের ফেরত পাঠানো হচ্ছে।"

বাংলাদেশি নাগরিকদের নিয়ে জাহাজটি বুধবার কক্সবাজার সীমানায় বাংলাদেশে পৌঁছানোর পর ওই জাহাজেই মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) ২৮৫ সদস্যকে সে দেশে ফেরত পাঠানোর কথা বলছে পররাষ্ট্র মন্ত্রণালয়। সোমবার প্রধানমন্ত্রীর থাইল্যান্ড সফর নিয়ে এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, বুধবার আটকে পড়া বাংলাদেশিদের নিয়ে জাহাজটি দেশে পৌঁছালে মিয়ানমার থেকে পালিয়ে আসা বিজিপি সদস্যদের ওই জাহাজেই তাদের নিজ দেশে ফেরত পাঠানো হবে। এই ফেরত আসা ১৭৩ জনের মধ্যে ১৪৪ জন বাংলাদেশি নাগরিক বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত হয়ে বন্দি ছিলেন মিয়ানমারের কারাগারে। কক্সবাজারের জেলা প্রশাসক মুহাম্মদ শাহীন ইমরান বিবিসি বাংলাকে বলেন, "ফেরত আসা বাংলাদেশিরা যখন আসবে, তখন সেখানে বর্ডার গার্ড বাংলাদেশ থাকবে, ইমিগ্রেশনের লোক থাকবে, তারাই মূলত বিষয়গুলো দেখ-ভাল করবে।" মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে মিয়ানমার নৌ-বাহিনীর জাহাজটি দেশটির সিটওয়ে বন্দর থেকে বাংলাদেশে রওয়ানা দেয়। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যদিয়ে তাদের তোলা হয় মিয়ানমার নেভাল শিপ চিন ডুইংয়ে।

মিয়ানমারের ইয়াঙ্গুনের বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, মিয়ানমার থেকে ফেরত পাঠানো ওই ১৭৩ জনের মধ্যে সবচেয়ে বেশি নাগরিক কক্সবাজার জেলার। তাদের মধ্যে ১২৯ জনের বাড়িই কক্সবাজারে। বাকিদের মধ্যে ৩০ জন বান্দরবানের, ৭ জন রাঙামাটির এবং খাগড়াছড়ি, নোয়াখালী, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজবাড়ী, নরসিংদী ও নীলফামারী জেলার রয়েছে একজন করে। মিয়ানমারের বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, এই ১৭৩ জনের মধ্যে ১৪৪ জন বাংলাদেশি দণ্ডপ্রাপ্ত হয়ে বিভিন্ন কারাগারে বন্দি ছিলেন। তাদের সবার সাজার মেয়াদ শেষ হয়েছে আগেই। বাকি ২৯ জনের সাজার মেয়াদ শেষ না হলেও এই ফেরত পাঠানোর উদ্যোগের সময় তাদেরকে বিশেষ ক্ষমার আওতায় আনা হয়। বাংলাদেশে ফেরত পাঠানোর আগে তাদেরকে রাখা হয় সিটওয়ের কারাগারে। বুধবার সবার পরিচয় নিশ্চিত হওয়ার পর তাদের কঠোর নিরাপত্তার মধ্যদিয়ে তোলা হয় দেশটির নৌ-বাহিনীর জাহাজে।

মিয়ানমারে বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর এ এস এম সায়েম বিবিসি বাংলাকে বলেন, "সবার আগে বাংলাদেশ কর্তৃপক্ষ যাচাই-বাছাই করে দেখেছে আটককৃত ওইসব নাগরিকরা বাংলাদেশের বৈধ নাগরিক কি না, সেটি নিশ্চিত হওয়ার পরই ফেরত পাঠানোর এই প্রক্রিয়া শুরু হয়।"

মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য প্রায় পৌনে তিনশো কিলোমিটার। গত কয়েক বছরে বিভিন্ন সময় ওই বাংলাদেশিরা এই সীমানা পাড়ি দিয়ে অবৈধভাবে মিয়ানমারে প্রবেশ করেছিল বলে জানাচ্ছে মিয়ানমারের বাংলাদেশ দূতাবাস। দূতাবাস কর্মকর্তা মি. সায়েম বিবিসি বাংলাকে বলেন, "বাংলাদেশের যেসব নাগরিক এদেশে অবৈধভাবে প্রবেশ করেছে তাদের কারো কাছে কোনো ধরনের ডকুমেন্টস ছিলও না। যখন আমাদেরকে বিভিন্ন জায়গা থেকে জানানো হলো তারা বাংলাদেশের নাগরিক, তখন আমরা যাচাই-বাছাই শুরু করলাম।" দূতাবাস বলছে, এই বাংলাদেশিদের সীমান্ত পাড়ি দিয়ে কেউ মিয়ানমারের মধ্যদিয়ে অন্য কোথাও যাওয়ার চেষ্টা করেছিলেন, কেউ কেউ আবার সে দেশে অবৈধভাবে অনুপ্রবেশের পর দেশটির নিরাপত্তা বাহিনীর হাতে আটক হয়। বিভিন্ন সময় আটক হওয়া ব্যক্তিদের দেশটির আইন অনুযায়ী সাজাও দেয় মিয়ানমারের আদালত। আদালতের দেয়া সাজার মেয়াদ ১৪৪ জনের শেষ হয়।

দূতাবাস কর্মকর্তা মি. সায়েম জানান, বাকি যে ২৯ জনের মেয়াদ শেষ না হলেও বাংলাদেশে ফেরত পাঠানোর উদ্যোগ নেয়ার পর বিশেষ বিবেচনায় তাদের ক্ষমা করা হয়, যাতে তারা নিজ দেশে ফেরত যেতে পারেন। এরপর মিয়ানমারের বাংলাদেশ দূতাবাস দেশটির সরকারের সাথে কয়েক দফায় বৈঠক করে তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু করে। সেখান থেকে একে একে ১৭৩ জনের তালিকা তৈরি করে কঠোর নিরাপত্তার মাধ্যমে তাদের মিয়ানমার নৌ-বাহিনীর জাহাজে তোলা হয়। সোমবারের সংবাদ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানিয়েছেন, ওই নাগরিকরা বিভিন্নভাবে আটকা পড়েছিল। তাদের দেশে ফেরত আনা হচ্ছে। মঙ্গলবার সকালে ইয়াঙ্গুনের বাংলাদেশে দূতাবাসের ফেসবুক পেইজে আপলোড করা ছবিতে দেখা যাচ্ছে, মিয়ানমারের সিটওয়ে বন্দরে বাংলাদেশি নাগরিকদের পরিচয় নিশ্চিত করার পর তাদের জাহাজে ওঠানোর প্রক্রিয়া শুরু হয়।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## মানবাধিকার পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রের প্রতিবেদন, ‘মনগড়া’ বলছে আওয়ামী লীগ

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হয়েছে যে, ২০২৩ সালে দেশটির মানবাধিকার পরিস্থিতির উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি। ২০২২ সালের মতো গত বছরও বিচারবহির্ভূত হত্যা, গুম, নির্যাতনসহ মানবাধিকার লঙ্ঘনের নানান ঘটনা ঘটেছে বলে মার্কিন প্রতিবেদনে বলা হয়েছে। মার্কিন পররাষ্ট্র দপ্তর বলেছে, বেশিরভাগ ক্ষেত্রেই মানবাধিকার লঙ্ঘনের ওইসব ঘটনার সাথে জড়িত কর্মকর্তা বা নিরাপত্তা বাহিনীর সদস্যদের শনাক্ত ও শাস্তি দিতে সরকার বিশ্বাসযোগ্য পদক্ষেপ গ্রহণ করেনি। উল্টো তাদেরকে ব্যাপকভাবে দায়মুক্তি দেওয়ার অসংখ্য খবর রয়েছে বলেও জানিয়েছে যুক্তরাষ্ট্র। এছাড়া বাংলাদেশের নাগরিকদের হাতে অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মধ্যদিয়ে শান্তিপূর্ণভাবে সরকার পরিবর্তনের ক্ষমতা নেই বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে মানবাধিকার পরিস্থিতি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের এই প্রতিবেদন ত্রুটিপূর্ণ বলে মন্তব্য করেছেন ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতারা। এটি একটি মনগড়া রিপোর্ট এবং এখানে সত্যের হার খুবই কম, বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

প্রতিবেদনে যেসব অভিযোগ তোলা হয়েছে, সেগুলোর ব্যাপারে মার্কিন সরকারের কাছে তথ্য-প্রমাণ চাওয়া হবে বলেও বিবিসি বাংলাকে জানিয়েছেন মি. নাছিম। বিশ্লেষকরা বলছেন, মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রতিবেদনে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির যে চিত্র উঠে এসেছে, দীর্ঘমেয়াদে সেটি দেশটির উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

সোমবার ‘২০২৩ কান্ট্রি রিপোর্টস অন হিউম্যান রাইটস প্র্যাক্টিসেসঃ বাংলাদেশ’ শীর্ষক ওই প্রতিবেদনে বাংলাদেশের বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, বিচার বিভাগের স্বাধীনতা, স্বাধীন মতপ্রকাশে বাধা, গণমাধ্যমের উপর সেন্সরশিপসহ বিভিন্ন বিষয়ে পর্যবেক্ষণ তুলে ধরা হয়েছে। সেখানে বলা হয়েছে যে, গত বছর গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলোর মধ্যে বিচারবহির্ভূত হত্যাসহ নির্বিচারে বেআইনি হত্যার ঘটনা, গুম, সরকারের নির্যাতন বা নিষ্ঠুরতা, নির্বিচারে গ্রেফতার-আটক, অমানবিক ও অসম্মানজনক আচরণ এবং কারাগারের কঠিন ও জীবনের জন্য হুমকির পরিবেশের বিষয়ে বিশ্বাসযোগ্য তথ্য যুক্তরাষ্ট্রের কাছে রয়েছে। এছাড়া অন্য দেশে থাকা ব্যক্তিদের ওপর নিপীড়ন চালানোর তথ্যও তারা পেয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বিগত বছরের তুলনায় কিছুটা কমেছে বলে উল্লেখ করা হয়েছে।

মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) ২০২৩ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত আটজনের বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার বা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে থাকাকালে মৃত্যু হওয়ার কথা বলেছে। তবে অন্য একটি মানবাধিকার সংগঠন একই সময়ে ১২ জনের বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হওয়ার খবর দিয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। অন্যদিকে, স্থানীয় মানবাধিকার সংস্থাগুলোর বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়েছে যে, গত বছরের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৩২ জন গুমের শিকার হয়েছেন। গুমের শিকার হওয়া ব্যক্তিদের বেশিরভাগই বিরোধী রাজনৈতিক দলের নেতা-কর্মী এবং ভিন্ন মতাবলম্বী বলে বলা হয়েছে। এসব ঘটনার প্রতিরোধ, তদন্ত বা দোষী ব্যক্তিদের সাজা দেওয়ার ক্ষেত্রে সরকার সামান্যই চেষ্টা করেছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এতে আরও বলা হয়েছে যে, বাংলাদেশের বিচার বিভাগের স্বাধীনতার ক্ষেত্রে গুরুতর সমস্যা রয়েছে।

দেশটিতে ব্যক্তির গোপনীয়তার ক্ষেত্রে নির্বিচারে বেআইনি হস্তক্ষেপ চালানো হচ্ছে বলে মানবাধিকার প্রতিবেদনে অভিযোগ তোলা হয়েছে। এছাড়া একজন ব্যক্তির অপরাধের অভিযোগে তার স্বজনদের শাস্তি দেওয়ার ঘটনা ঘটেছে বলেও এতে বলা হয়েছে। গণমাধ্যম ও বাকস্বাধীনতার বিষয়ে বলা হয়েছে যে, ২০২২ সালের মতো গতবছরও মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতার কঠোর বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। পাশাপাশি সাংবাদিকদের প্রতি সহিংসতা বা সহিংসতার হুমকি, অহেতুক গ্রেফতার বা বিচার, সেন্সরশিপ এবং ইন্টারেনেটে স্বাধীন মতপ্রকাশের ক্ষেত্রে গুরুতর বিধি-নিষেধ আরোপ অব্যাহত ছিল বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এটাও বলা হয়েছে যে, বাংলাদেশে শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও সংগঠন করার স্বাধীনতায় হস্তক্ষেপ চালানো এবং চলাফেরার স্বাধীনতায় নানান বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। বেসরকারি ও নাগরিক সংগঠনগুলো পরিচালনা ও অর্থায়নের ক্ষেত্রে অতিরিক্ত বিধি-নিষেধমূলক আইন চালু করা হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে।

বিশেষ করে, জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলোর কর্মকাণ্ডে সরকারের পক্ষ থেকে গুরুতর বিধি-নিষেধ আরোপ করে হয়রানি করা হচ্ছে বলে অভিযোগ তোলা হয়েছে। সেখানে আরও বলা হয়েছে যে, সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে সরকার পরিবর্তনের ক্ষমতা বাংলাদেশের নাগরিকদের হাতে নেই বলেও জানানো হয়েছে। এতে ২০২৩ সালে বাংলাদেশে হওয়া দুর্নীতির প্রসঙ্গও উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে যে, সরকারি কর্মকর্তারা দুর্নীতিতে অভিযুক্ত হলে তাদের সাজা দেওয়ার সুযোগ বাংলাদেশের আইনে রয়েছে। কিন্তু সরকার সেই আইন কার্যকরভাবে বাস্তবায়নের উদ্যোগ নেয়নি বলে অভিযোগ করা হয়েছে। এর ফলে দুর্নীতি করেও সেটির সঙ্গে জড়িত কর্মকর্তারা প্রায়শ দায়মুক্তি পেয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এর বাইরে, লিঙ্গভিত্তিক সহিংসতা, বিশেষত পারিবারিক ও ঘনিষ্ঠ সঙ্গীর বিরুদ্ধে সহিংসতা, যৌন নির্যাতন, কর্মক্ষেত্রে নির্যাতন, শিশুশ্রম, শিশু-বাল্যবিবাহ, জোরপূর্বক বিয়ে, জাতিগত সংখ্যালঘু গোষ্ঠী বা ক্ষুদ্র জাতিসত্তার মানুষের বিরুদ্ধে সহিংসতা, প্রাপ্তবয়স্কদের মধ্যকার সম্মতিপূর্ণ সমলিঙ্গের যৌন

আচরণকে অপরাধ হিসেবে সাব্যস্ত করা, স্বাধীন ট্রেড ইউনিয়ন ও কর্মীদের সংগঠন করার স্বাধীনতার ওপর উল্লেখযোগ্য বিধি-নিষেধ করা হয়েছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির যে চিত্র মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রতিবেদনে তুলে ধরা হয়েছে, সে বিষয়ে আনুষ্ঠানিকভাবে এখনও কোনো বক্তব্য দেয়নি দেশটির সরকার। তবে টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসা আওয়ামী লীগের নেতারা মার্কিন প্রতিবেদনের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন। "বাংলাদেশ নিয়ে তারা প্রায়ই এ ধরনের অভিযোগ তোলে, যার বেশিরভাগই অসত্য", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। তিনি আরও বলেন, "এসব অভিযোগের বিষয়ে তাদের কাছে তথ্য-প্রমাণ চাওয়া হবে।" এমন প্রতিবেদন প্রকাশের আগে বাংলাদেশ সরকারের সাথে যোগাযোগ করে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেয়ারও সমালোচনা করেছেন মি. নাছিম। তিনি বিবিসি বাংলাকে বলেন, "অভিযোগগুলোর পক্ষে তাদের কাছে যদি সত্যিই তথ্য-প্রমাণ থেকে থাকে, তাহলে তারা বাংলাদেশ সরকারকে সেটি জানাননি কেন?" "তাদের তো উচিত ছিল বাংলাদেশ সরকারের সাথে যোগাযোগ করে বিষয়টি জানানো এবং সমস্যা সমাধানে সাহায্য করা", বলেন মি. নাছিম। এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের মানবাধিকার ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও উল্টো প্রশ্ন তুলেছেন তিনি। মি. নাছিম বলছিলেন, "তাদের ওখানেও কি পরিস্থিতি খুব ভালো?"

মার্কিন পররাষ্ট্র দপ্তর থেকে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে যে প্রতিবেদন তুলে ধরা হয়েছে, সরকার আনুষ্ঠানিকভাবে সেটির প্রতিবাদ জানাবে বলেও আশা করছেন আওয়ামী লীগ যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। বাংলাদেশের মানবাধিকার নিয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের পক্ষ থেকে যে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে, নানা দিন থেকেই সেটি গুরুত্বপূর্ণ বলে মনে করছেন বিশ্লেষকরা। "তাদের এই প্রতিবেদনকে আন্তর্জাতিক সম্প্রদায় গুরুত্ব সহকারে দেখে। কাজেই বহির্বিশ্বের কাছে একটি দেশের ভাবমূর্তি নির্মাণের ক্ষেত্রে এটি বেশ গুরুত্ব বহন করে", বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশের সাবেক কূটনীতিক হুমায়ুন কবির। সোমবার প্রকাশিত প্রতিবেদনে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির যে চিত্র ফুটে উঠেছে, দীর্ঘমেয়াদে সেটি দেশটির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে বলেও আশঙ্কা করছেন তিনি। "মানবাধিকার ও আইনশৃঙ্খলা পরিস্থির এমন চিত্র দেখার পর বিদেশি বড় বড় বিনিয়োগকারীরা বিনিয়োগে উৎসাহ নাও দেখাতে পারেন", বিবিসি বাংলাকে বলেন মি. কবির। গুরুতর মানবাধিকার লঙ্ঘনের কাজে জড়িত থাকার অভিযোগে বাংলাদেশের বিশেষ এই বাহিনী ও তার ছয়জন কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র। তারও আগে, রানাপ্লাজা ধ্বসের ঘটনার পর ২০১৩ সালে বাংলাদেশি পণ্যের অবাধ বাজার সুবিধা (জিএসপি) স্থগিত করেছিল দেশটি। "গুরুত্ব সহকারে নিয়ে এ বিষয়ে এখনই কাজ শুরু করলে সামনে এ রকম নিষেধাজ্ঞা হয়ত আরও আসতে পারে", বিবিসি বাংলাকে আশঙ্কার কথা বলেন মি. কবির। যদিও বিষয়টি নিয়ে সরকার খুব একটা চিন্তিত নয় বলে জানাচ্ছেন ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতারা। "বাংলাদেশের পরিস্থিতি এতটা খারাপ না যে নিষেধাজ্ঞা আসবে", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। তিনি আরও বলেন, "এরকম নিষেধাজ্ঞার কথা আমরা আগেও অনেকবার শুনেছি এবং দেখা গেছে, সরকার বিরোধীরাই ষড়যন্ত্রমূলকভাবে সেগুলো ছড়িয়েছে।" (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## ভয়েস অফ আমেরিকা

### প্রবৃদ্ধির হার কমায় বাংলাদেশের উন্নয়নের 'দুর্দান্ত কাহিনী' এখন হুমকির মুখে

বাংলাদেশ হঠাৎ করেই মনে হয় কিছুটা অনিশ্চয়তার মুখে পড়েছে। যে অর্থনীতির কারণে বাংলাদেশ এক দশকেরও বেশি সময় ধরে আন্তর্জাতিক মহলে প্রশংসিত হয়েছে, সেই অর্থনীতি ২০২৪ সালের প্রথম ভাগে এসে আগের মত টেকসই মনে হচ্ছে না। এর ফলে দারিদ্র্য বিমোচনে দেশের সাফল্য হুমকির মুখে পড়তে পারে বলেও বিশ্লেষকরা আশঙ্কা করছেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বা বিবিএস-এর তথ্য অনুযায়ী, চলতি অর্থ বছরের (২০২৩-২৪) দ্বিতীয় কোয়ার্টারে (অক্টোবর- ডিসেম্বর) মোট দেশজ সম্পদ বা জিডিপি বৃদ্ধির হার ছিল ৩.৭৮ শতাংশ, যেটা গত বছরের একই কোয়ার্টারে ছিল ৭.০৮ শতাংশ। একই সময় মূল্যস্ফীতির হার প্রায় ১০ শতাংশের আশে-পাশে ঘোরা-ফেরা করছে। সব মিলে পরিসংখ্যানগুলো দেশের বর্তমান পরিস্থিতির বিবর্ণ একটা চিত্র তুলে ধরছে। বিবিএসের পরিসংখ্যান বলছে, শিল্প খাতে উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৩.২৪ শতাংশ, যেটা গত বছরের দ্বিতীয় কোয়ার্টারের ১০ শতাংশ প্রবৃদ্ধির অর্ধেকেরও কম। একইভাবে, বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে বড় খাত, পরিষেবা বৃদ্ধি পেয়েছে ৩.০৬ শতাংশ হারে, যেটা আগের বছর একই সময় ছিল ৬.৬২ শতাংশ। মোট দেশজ সম্পদের ৮০ শতাংশের বেশি আসে এই দুই খাত থেকে।

সম্ভবত অর্থনীতির এই মন্থর গতির স্বীকৃতি হিসেবেই আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির পূর্বাভাস ৬ শতাংশ থেকে কমিয়ে ৫.৭ শতাংশ করেছে। বছরের শুরুতে তাদের পূর্বাভাস ছিল ৬.৫ শতাংশ, যেটা তারা গত অক্টোবরে কমিয়ে ৬-এ নিয়ে আসে। প্রবৃদ্ধির হার কমে যাওয়াকে হাল্কা করে দেখছেন না বাংলাদেশের অর্থনীতিবিদরা। তাদের মধ্যে অন্যতম ড. দেবপ্রিয় ভট্টাচার্য, যিনি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ-এ ডিস্টিংগুইশড ফেলো। তিনি বলছেন, প্রবৃদ্ধির হার কমে যাওয়ার অর্থ হল, কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়া এবং আয়ের পরিমাণ কমে যাওয়া। "বাংলাদেশে দারিদ্র্য সীমার নিচে জনসংখ্যা বৃদ্ধি পাবার সম্ভাবনা রয়েছে," ড. ভট্টাচার্য

বলেন। "একই সাথে, আয় এবং ব্যয় বা ভোগের ক্ষেত্রে বৈষম্য আরও প্রকট হতে পারে।" বিগত দশকে বাংলাদেশ দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য অগ্রগতি দেখেছে। জনগোষ্ঠীর ৪১.৫ শতাংশ ২০১৬ সালে দারিদ্র্য সীমার নিচে ছিল। সেই মাত্রা ২০২২ সালে নেমে এসে দাঁড়ায় ১৮.৭ শতাংশে।

তবে, বাংলাদেশের অর্থমন্ত্রী হাসান মাহমুদ আলী আইএমএফ-এর পরিবর্তিত পূর্বাভাস নিয়ে আশঙ্কা নাকচ করে দিয়ে বলেছেন, সরকার বেশ কিছু সংস্কারের কাজ হাতে নিয়েছে যেগুলো "সুফল বয়ে আনতে শুরু করেছে।" অর্থমন্ত্রীর আশাবাদ সত্ত্বেও, সরকারের নিজস্ব প্রতিষ্ঠানের পরিসংখ্যান দেশের অর্থনীতি নিয়ে পরিষ্কার সতর্ক বার্তা দিচ্ছে। বিগত এক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি সরকারি নীতির সাফল্যের দিকে ইঙ্গিত করেছে, কিন্তু এখন সেই একই সূত্রের তথ্য ভিন্ন বার্তা দিচ্ছে। অর্থনীতির মন্থর গতি ড. ভট্টাচার্যর কাছে অপ্রত্যাশিত বা অবাক করার মত কোনো তথ্য হিসেবে আসেনি। তিনি বলছেন, এ ধরনের পরিসংখ্যান প্রত্যাশিত এবং অনুমানযোগ্য ছিল। "এর মুল কারণ হচ্ছে, প্রবৃদ্ধির জন্য প্রয়োজন বিনিয়োগ এবং বিনিয়োগকারীদের মালপত্র আমদানি করতে হবে। কিন্তু বৈদেশিক মুদ্রার সঙ্কটের কারণে আমরা সেটা করতে পারছি না," তিনি বলেন। কোভিড মহামারির পর শিল্প-কারখানা সহ অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু হবার পর থেকে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ চাপের মুখে পরেছে। কেন্দ্রীয় ব্যাঙ্ক, বাংলাদেশ ব্যাঙ্কের হিসেব অনুযায়ী, বৈদেশিক মুদ্রার যে রিজার্ভ ২০২১ সালের অগাস্ট মাসে ছিল ৪৮ বিলিয়ন (৪,৮০০ কোটি) ডলার, সেটা ২০২৪ সালের এপ্রিল মাসে ২০ বিলিয়ন (২ হাজার কোটি) ডলারের নিচে চলে আসে।

ড. ভট্টাচার্য বলছেন, মূল্যস্ফীতির উঁচু হার সকল শ্রেণি-পেশার মানুষ, বিশেষ করে মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত পরিবারকে আঘাত করেছে। এর ফলে অর্থনীতিতে চাহিদা এবং ব্যয় বা ভোগ ক্ষতিগ্রস্ত হয়েছে। সরকারি হিসেব অনুযায়ী, বাংলাদেশে মূল্যস্ফীতির হার বর্তমানে নয় শতাংশের একটু উপরে। তবে অর্থনৈতিক বিশ্লেষকরা মনে করেন মূল্যস্ফীতির প্রকৃত হার তার চেয়ে অনেক বেশি। অর্থনৈতিক বিশ্লেষক এবং অভিজ্ঞ ব্যাংকার মামুন রশিদ বলছেন, বাংলাদেশে ব্যয় বা ভোগের মাত্রা নির্ধারণ করে মূলত তিনটি বিষয় – রফতানি আয়, রেমিটেন্স বা প্রবাসীদের পাঠানো টাকা আর অভ্যন্তরীণ অর্থের প্রচলন। রফতানি এবং রেমিটেন্স থেকে আয় স্থিতিশীল থাকলেও, মূল্যস্ফীতি মোকাবেলায় কেন্দ্রীয় ব্যাঙ্ক সুদের হার বৃদ্ধি করায় অভ্যন্তরীণ অর্থের প্রচলন চাপের মুখে পড়েছে, বলছেন মামুন রশিদ। রশিদ বলছেন দুর্নীতি এবং দুর্বল ব্যবস্থাপনার কারণে দেশে যে বৈদেশিক মুদ্রার সঙ্কট তৈরি হয়েছে, তা ব্যবসা-বাণিজ্যর উপর মারাত্মক, নেতিবাচক প্রভাব ফেলছে। "দেশে যখন দুর্নীতি এবং অঘোষিত আয় থেকে অনেক টাকা ভেসে বেড়ায়, তখন সেটা অর্থ পাচার বৃদ্ধি করে এবং দেশে ডলার আসা কমিয়ে দেয়," রশিদ বলেন।

ওয়াশিংটন-ভিত্তিক দুর্নীতি-বিরোধী সংস্থা গ্লোবাল ফাইনানশিয়াল ইন্টেগ্রিটি (জিএফআই)-এর তথ্য অনুযায়ী, ২০০৪ থেকে ২০১৩ সাল পর্যন্ত, বাংলাদেশ থেকে গড়ে প্রতি বছর ৫.৫ বিলিয়ন (৫৫০ কোটি) ডলার বিদেশে পাচার হয়েছে। রফতানি আয়ের সব অর্থও বাংলাদেশে পৌঁছায় না – প্রতি বছর শত শত কোটি ডলার "ভুল ইনভয়েসিং"-এর মাধ্যমে বের করে নেয়া হয়। "আমরা আমাদের বৈদেশিক আয় বাড়াতে ব্যর্থ হচ্ছি," রশিদ বলেন। "এর ফলে, বিদেশি বিমান সংস্থা, জাহাজ কোম্পানি বা বিদেশি বিনিয়োগকারীরা তাদের মুনাফা পাঠাতে পারছে না। এই পরিস্থিতি একটি নেতিবাচক ধারণা সৃষ্টি করেছে যেটা এই সঙ্কটকে বাড়িয়ে তুলছে," তিনি বলেন। কোভিড মহামারি ২০২০ সালে শুরু হবার আগ পর্যন্ত, বাংলাদেশের অর্থনীতি ৬ শতাংশর বেশি হারে বৃদ্ধি পাচ্ছিল। এই প্রবৃদ্ধির চালিকা শক্তি ছিল তৈরি পোশাক রফতানি, কৃষি খাত এবং ব্রিজ এবং মহাসড়কের মত অবকাঠামোতে ব্যাপক সরকারি বিনিয়োগ।

বিশ্ব ব্যাংক ২০২১ সালে বাংলাদেশকে "একটি দুর্দান্ত উন্নয়ন কাহিনী" বলে বর্ণনা করে। জন্মলগ্নে বাংলাদেশ ছিল বিশ্বের দ্বিতীয় দরিদ্রতম দেশ। এক সময় যার পরিচিতি ছিল দুর্ভিক্ষ, দারিদ্র্য আর প্রাকৃতিক দুর্যোগ। কিন্তু মাত্র পাঁচ দশকের মধ্যে সেই বাংলাদেশ বিশ্বের সবচেয়ে দ্রুত উন্নয়নশীল দেশগুলোর মধ্যে একটিতে পরিণত হয়। তবে ড. ভট্টাচার্য বলেছেন, সেই প্রবৃদ্ধির পরিসংখ্যান নিয়ে তাদের বেশ কিছু সন্দেহ ছিল। তিনি বলেন, জিডিপির পরিসংখ্যান অন্যান্য নির্দেশকের সাথে মেলেনি। যেমন, উঁচু হারে প্রবৃদ্ধির জন্য যে হারে বিনিয়োগ, শিল্প-কারখানার জন্য মেশিনারি ও কাঁচামাল আমদানি, গ্যাস এবং অন্যান্য জ্বালানী সরবরাহে উন্নতি প্রয়োজন, সেগুলো তারা দেখতে পাননি। তাঁর মতে যে প্রবৃদ্ধি হয়েছে, সেটা অর্থনীতিতে বেশ কিছু কাঠামোগত ত্রুটি থাকা সত্ত্বেও হয়েছে – এবং ত্রুটিগুলো এখন প্রকট ভাবে প্রকাশ পাচ্ছে। দেশের সরকার ২০০৯ সালের পর থেকে টানা তিন মেয়াদে ক্ষমতায়; কিন্তু তারপরও গত ১৩-১৪ বছর ধরে জিডিপিতে প্রাইভেট বিনিয়োগের পরিমাণ ২৩ শতাংশ রয়ে গেছে। সরাসরি বৈদেশিক বিনিয়োগ জিডিপির দুই শতাংশের কম। অব্যবস্থাপনা এবং দুর্নীতি বাংলাদেশের "দুর্দান্ত কাহিনী" কিছুটা ম্লান করলেও, মামুন রশিদ মনে করেন বিশ্ব ব্যাংক, আইএমএফ এবং ইউএনডিপি'র মত আন্তর্জাতিক উন্নয়ন সংস্থাগুলো ঢাকার পাশেই আছে। "তারা এখনো বাংলাদেশের উপর আস্থা রাখছে। সেজন্য বাংলাদেশ তাদের কাছ থেকে ১০ বিলিয়ন ডলারের বহুপাক্ষিক সহায়তা আশা করতে পারে," রশিদ বলেন। একদিকে মামুন রশিদ আশাবাদী যে রফতানি আয় এবং ৬০ লক্ষ প্রবাসীদের পাঠানো রেমিটেন্স আরও বাড়বে এবং প্রবৃদ্ধির হার পুনরায় ঊর্ধ্বমুখী হবে। অন্যদিকে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলছেন, ব্যাংকিং, আর্থিক আর জ্বালানী খাতে আমূল সংস্কার না হলে দেশের বর্তমান "প্রবৃদ্ধির গল্প" আর ধরে রাখা যাবে না। "বাস্তবতার মুখোমুখি হবার সময় এখন এসেছে," তিনি বলেন।

(ভোয়া ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশের জলবায়ু পরিকল্পনা বাস্তবায়নে আন্তর্জাতিক সহায়তা অপরিহার্য, সাবের হোসেন চৌধুরী

আগামী ২৬ বছরে, অর্থাৎ, ২০৫০ সালের মধ্যে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশের ৫৩ হাজার ৪০০ কোটি ডলার প্রয়োজন বলে জানিয়েছেন দেশটির পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। মঙ্গলবার (২৩শে এপ্রিল) ন্যাশনাল অ্যাডাপটেশন প্ল্যান এক্সপো এর এক অধিবেশনে এ কথা বলেন পরিবেশমন্ত্রী। তিনি বলেন, "জলবায়ু পরিকল্পনা বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক আর্থিক সহায়তা অপরিহার্য। জলবায়ু সহনশীলতা গড়ে তুলতে, বাংলাদেশ আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে যৌথভাবে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।" জলবায়ু অভিযোজন প্রচেষ্টাকে এগিয়ে নেয়া এবং সব নাগরিকের জন্য একটি টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য সরকারের অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন সাবের হোসেন চৌধুরী। জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবেলায় সক্রিয় পদক্ষেপ, সহযোগিতামূলক প্রচেষ্টা এবং উদ্ভাবনী সমাধানের গুরুত্বের ওপর জোর দেন বাংলাদেশের পরিবেশমন্ত্রী। এছাড়াও তিনি, জাতীয় জলবায়ু পরিকল্পনা উন্নয়ন ও বাস্তবায়নে বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতি তুলে ধরেন এবং বিশ্বব্যাপী জলবায়ু অভিযোজনে বাংলাদেশের নেতৃত্ব প্রদানের কথা উল্লেখ করেন। অধিবেশনে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদের সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন- সিইজিআইএস এর নির্বাহী পরিচালক মালিক ফিদা এ খান, ইআরডির অতিরিক্ত সচিব ও ইন্টারন্যাশনাল ক্লাইমেট ফাইন্যান্স সেলের চেয়ার এ কে এম সোহেল, সবুজ জলবায়ু তহবিলের আইটিএপি সদস্য কেনেল ডেলুসচা, জলবায়ু বিশেষজ্ঞ ড. এম. আসাদুজ্জামান।

(ভোয়া ওয়েব পেজ : ২৪.০৪.২০২৪ এলিনা)

## সাবেক আইজিপি বেনজীরের সম্পদ নিয়ে দুদকের অনুসন্ধানের অগ্রগতি প্রতিবেদন চেয়েছে হাইকোর্ট

বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদসহ তার পরিবারের সম্পদের বিষয়ে দুর্নীতি দমন কমিশন-দুদকের অনুসন্ধানের অগ্রগতি প্রতিবেদন আগামী দুই মাসের মধ্যে হাইকোর্টে দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। মঙ্গলবার (২৩শে এপ্রিল) বিচারপতি নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ স্বপ্রণোদিত হয়ে দুদককে এ নির্দেশ দেয়। আদালতে একটি রিট আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী সারওয়ার হোসেন ও ব্যারিস্টার মনোজ কুমার ভৌমিক। বেনজীর আহমেদের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী শাহ মঞ্জুরুল হক ও সাঈদ আহমেদ রাজা। দুদকের পক্ষে শুনানি করেন আইনজীবী খুরশীদ আলম খান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন মানিক। শুনানিতে আদালত বলেন, "ভারতের মতো আমাদের দেশেও সরকারি চাকরিজীবীদের জন্য সম্পদ বিবরণী আইন করা উচিত। আইন থাকলে কাউকে তাদের (সরকারি চাকরিজীবীদের) সম্পদের পাহারা দিতে হতো না।" আদালত আরো বলে যে, ভারতে সরকারি চাকরিতে যোগ দেয়ার সময় এবং চাকরি থেকে অবসরে যাওয়ার সময় সরকারি চাকরিজীবীদের সম্পদের বিবরণী জমা দিতে হয়। বিবরণীতে সম্পদের ১০ শতাংশের বেশি পার্থক্য হলে ব্যবস্থা নেয়া হয়। "বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ন করতে হলে, এরকম আইন করতে হবে। শুধু বাতাস খেয়ে চললে হবে না;" বলেছে আদালত।

এর আগে, সোমবার (২২শে এপ্রিল) বেনজীর আহমেদ ও তার পরিবারের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠায়, তা অনুসন্ধান করবে বলে জানায় দুদক। এ ঘটনায় সংস্থার উপপরিচালক হাফিজুর রহমানের নেতৃত্বে তিন সদস্যের কমিটি গঠন করা হয়। একই দিন তার দুর্নীতির অনুসন্ধান চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী সালাউদ্দিন রিগ্যান হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিটটি দায়ের করেন। রিটে বেনজীর আহমেদের পরিবারের সদস্যদের সম্পদ নিয়ে সম্প্রতি একটি পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের আলোকে অনুসন্ধানের নির্দেশনা চাওয়া হয়। একই সঙ্গে, বেনজীরের সম্পদের অনুসন্ধান করতে দুদকের নিষ্ক্রিয়তাকে কেন বেআইনি ঘোষণা করা হবে না; তা জানতে চেয়ে রুল জারির আবেদন জানানো হয়। এই রিটে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, দুদক কমিশনার (তদন্ত), দুদক কমিশনার (অনুসন্ধান) ও দুদক সচিবকে বিবাদী করা হয়। 'বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ' শিরোনামে গত ৩১শে মার্চ অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করে একটি জাতীয় দৈনিক। এরপর রবিবার (২১শে এপ্রিল) বেনজীর আহমেদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা চেয়ে দুদকে আবেদন করেন সুপ্রিম কোর্টের আইনজীবী সৈয়দ সাইয়েদুল হক সুমন। লিখিত আবেদনে সাবেক আইজিপির দুর্নীতির অভিযোগের অনুসন্ধান চান; পাশাপাশি, দুদক কোনো ব্যবস্থা না নিলে, উচ্চ আদালতে যাওয়ারও কথা দেন তিনি। আবেদনে বেনজীর আহমেদের পাশাপাশি তার স্ত্রী জিসান মির্জা, দুই মেয়ে ফারহিন রিশতা বিনতে বেনজীর ও তাশিন রাইসা বিনতে বেনজীরের বিরুদ্ধে ওঠা অভিযোগ অনুসন্ধান করে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়।

২০২১ সালের ১০ই ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত

মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭–এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দেয়। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ণ করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকাণ্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা। (ভোয়া ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতিতে উল্লেখযোগ্য পরিবর্তন নেই

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতিতে ২০২৩ সালে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি বলে নতুন এক প্রতিবেদনে যুক্তরাষ্ট্র। মঙ্গলবার (২৩শে এপ্রিল) ঢাকায় অবস্থিত যুক্তরাষ্ট্র দূতাবাস বলেছে, ২০২৩ সালের মানবাধিকার প্রতিবেদনে (এইচআরআর) থাকা দেশভিত্তিক প্রতিবেদনগুলো আইনি সিদ্ধান্ত; দেশগুলোর ক্রমবিন্যাস করে না বা তুলনা করে না। প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন খবর রয়েছে। বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, নির্যাতন, বিধিবহির্ভূত ধরপাকড়ের বিষয়টি এসেছে প্রতিবেদনে। প্রতিবেদনে বলা হয়েছে যে বিচার বিভাগের স্বাধীনতায় বড় ধরনের সমস্যা রয়েছে। এছাড়া, রাজনৈতিক গ্রেপ্তার, মতপ্রকাশে বাধা, সংবাদমাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপ, শান্তিপূর্ণ সভা–সমাবেশ ও রাজনৈতিক কর্মসূচিতে বিধিনিষেধের কথা উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। আরো বলা হয়েছে, সুষ্ঠু ও অবাধ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের জনগণের সরকার পরিবর্তনের সুযোগ নেই। যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তর তাদের প্রতিবেদনে বলেছে, মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় ব্যাপকভাবে দায়মুক্তি দেয়ার অনেক ঘটনা রয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় জড়িত থাকতে পারেন, এমন কর্মকর্তা বা নিরাপত্তা বাহিনীর সদস্যদের শনাক্ত ও শাস্তি দিতে সরকার গ্রহণযোগ্য পদক্ষেপ নেয়নি। প্রতিবেদনে বলা হয়েছে, সরকার বা সরকারি সংস্থা বিচারবহির্ভূত হত্যাকাণ্ডসহ বিধিবহির্ভূত হত্যাকাণ্ড ঘটিয়েছে বলে তথ্য রয়েছে। নিরাপত্তা বাহিনীর সদস্যদের হাতে মোট কতজন নিহত হয়েছে, সেই সংখ্যা প্রকাশ করা হয়নি এবং ঘটনাগুলো তদন্তে স্বচ্ছ পদক্ষেপ নেয়া হয়নি, বলা হয় প্রতিবেদনে। বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বিগত বছরের তুলনায় কমেছে বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। এতে বলা হয়েছে, মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) জানিয়েছে, ২০২৩ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত ৮ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার বা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে থাকাকালে মারা গেছেন। আরেকটি মানবাধিকার সংগঠন একই সময়ে ১২ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছে বলে জানিয়েছে। বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতার ওপর উল্লেখযোগ্য মাত্রায় সীমাবদ্ধতা রয়েছে বলে উল্লেখ করা হয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের প্রতিবেদনে। বলা হয়েছে, হয়রানি ও প্রতিহিংসামূলক পদক্ষেপের ভয়ে সংবাদমাধ্যমকর্মী ও ব্লগাররা সরকারের সমালোচনার ক্ষেত্রে চুপ থাকতে বাধ্য হচ্ছেন। ঢাকায় অবস্থিত যুক্তরাষ্ট্র দূতাবাস আরো বলেছে, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ স্টেট প্রকাশিত ২০২৩ সালের মানবাধিকার প্রতিবেদনটি বিশ্বব্যাপী মানবাধিকার পরিস্থিতির একটি বাস্তব ও বস্তুনিষ্ঠ দলিল। গত ২০২৩ সালের হিউম্যান রাইটস রিপোর্ট (এইচআরআর) ১৯৮টি দেশ ও অঞ্চলকে নিয়ে কাজ করেছে। প্রতিবেদনে পৃথকভাবে মানবাধিকার অবমাননা ও লঙ্ঘনের ওপর বিশ্বাসযোগ্য তথ্যের বিস্তৃত বর্ণনা দেয়া হয়েছে। যা সরকার, মানবাধিকারের সমর্থনে কাজ করা ব্যক্তি, সাংবাদিক এবং নির্দিষ্ট দেশ ও অঞ্চলগুলোতে মানবাধিকার ও গণতন্ত্রের অবস্থা সম্পর্কে উদ্বিগ্ন ব্যক্তিদের ব্যবহারযোগ্য একটি হাতিয়ার সরবরাহ করে। প্রায় ৫ দশক ধরে যুক্তরাষ্ট্র এই প্রতিবেদন প্রকাশ করছে। মানবাধিকার প্রতিবেদনটি ওয়াশিংটন ও বিভিন্ন দেশের মিশনে, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ স্টেটে তাদের সহকর্মীদের বেশ কিছু মাসের কাজের প্রতিনিধিত্ব করে। প্রতিবেদন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র নীতির সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করে এবং মানবাধিকার পরিস্থিতি বিষয়ে সঠিক তথ্যের প্রয়োজন হলে, কংগ্রেস, নির্বাহী বিভাগ ও অভিবাসন আদালতকে সহায়তা করে। মানবাধিকার প্রতিবেদন সুশীল সমাজের কাজ সম্পর্কেও অবহিত করে। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে, মানবাধিকার রক্ষাকারীসহ বিভিন্ন দেশের আইনপ্রণেতা, স্কলার, অভিবাসন বিচারক, আশ্রয় কর্মকর্তা, বহুপক্ষীয় প্রতিষ্ঠান এবং অন্যান্য সরকার। অন্যান্য দেশের প্রতিবেদনের পাশাপাশি বাংলাদেশের প্রতিবেদনটি □ □ □ □ □এ.পাওয়া যাবে। (ভোয়া ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ এলিনা)

## শেখ হাসিনা সরকারের অন্যায় প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের মানবাধিকার প্রতিবেদন, বললেন রিজভী

যুক্তরাষ্ট্রের মানবাধিকার প্রতিবেদন-২০২৩ বাংলাদেশে শেখ হাসিনা সরকারের অবিচার প্রকাশ করেছে বলে উল্লেখ করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (২৩শে এপ্রিল) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে একথা বলেন তিনি। রুহুল কবির রিজভী বলেন, “প্রতিবেদনে গুম, গুপ্তহত্যা ও

নির্যাতনসহ বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে সরকার পরিবর্তন করার নাগরিক অধিকার হরণ করা হয়েছে বলেও উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে।" তিনি আরো বলেন, যুক্তরাষ্ট্রের প্রতিবেদনে বিরোধী দলের নেতাদের গ্রেফতার ও তাদের শান্তিপূর্ণ সমাবেশে বাধা দানসহ বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির অবনতির বিষয়টি বস্তুনিষ্ঠভাবে তুলে ধরা হয়েছে। অবিচার ও নিষ্ঠুরতার দৃশ্যমান ঘটনাগুলোর মাধ্যমে প্রতিবেদনে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির আসল রূপ তুলে ধরা হয়েছে বলে উল্লেখ করেন রিজভী। "যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের ব্যুরো অফ ডেমোক্রেসি, হিউম্যান রাইটস অ্যান্ড লেবারের জ্যেষ্ঠ কর্মকর্তা রবার্ট এস গিলক্রিস্ট মানবাধিকার প্রতিবেদন নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতিকে উদ্বেগজনক বলে বর্ণনা করেছেন;" রিজভী যোগ করেন। গিলক্রিস্ট সংবাদ সম্মেলনে বলেছেন, কারসাজির মাধ্যমে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে সরিয়ে দেয়া হয়েছে। তিনি আরো জানান, ১/১১-এর রাজনৈতিক পটপরিবর্তনের সময় শেখ হাসিনার বিরুদ্ধে ১৫টি মামলা দেয়া হয়েছে; আর খালেদা জিয়ার বিরুদ্ধে দেয়া হয়েছিল ৪টি মামলা। "শেখ হাসিনা ক্ষমতায় এসে বিচার বিভাগকে ব্যবহার করে খালেদা জিয়াকে মিথ্যা মামলায় সাজা দিয়ে তড়িঘড়ি করে নিজের বিরুদ্ধে ১৫টি মামলা প্রত্যাহার করিয়েছেন;" রিজভী বলেন। তিনি আরো বলেন, "আমরা অনেকবার এসব বিষয় নিয়ে কথা বলেছি। এবার তা যুক্তরাষ্ট্রের রিপোর্টেই উঠে এসেছে। মানুষ বিশ্বাস করে সরকারের রাজনৈতিক প্রতিহিংসার শিকার খালেদা জিয়া। এবার গণতান্ত্রিক বিশ্ব তাদের বস্তুনিষ্ঠ পর্যবেক্ষণের মাধ্যমে তা তুলে ধরেছে।"

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতিতে ২০২৩ সালে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি বলে নতুন এক প্রতিবেদনে যুক্তরাষ্ট্র। মঙ্গলবার (২৩শে এপ্রিল) ঢাকায় অবস্থিত যুক্তরাষ্ট্র দূতাবাস বলেছে, ২০২৩ সালের মানবাধিকার প্রতিবেদনে (এইচআরআর) থাকা দেশভিত্তিক প্রতিবেদনগুলো আইনি সিদ্ধান্ত; দেশগুলোর ক্রমবিন্যাস করে না বা তুলনা করে না। প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন খবর রয়েছে। বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, নির্যাতন, বিধিবহির্ভূত ধরপাকড়ের বিষয়টি এসেছে প্রতিবেদনে। প্রতিবেদনে বলা হয়েছে যে বিচার বিভাগের স্বাধীনতায় বড় ধরনের সমস্যা রয়েছে। এছাড়া, রাজনৈতিক গ্রেপ্তার, মতপ্রকাশে বাধা, সংবাদমাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপ, শান্তিপূর্ণ সভা–সমাবেশ ও রাজনৈতিক কর্মসূচিতে বিধিনিষেধের কথা উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। আরো বলা হয়েছে, সুষ্ঠু ও অবাধ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের জনগণের সরকার পরিবর্তনের সুযোগ নেই। যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তর তাদের প্রতিবেদনে বলেছে, মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় ব্যাপকভাবে দায়মুক্তি দেয়ার অনেক ঘটনা রয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় জড়িত থাকতে পারেন, এমন কর্মকর্তা বা নিরাপত্তা বাহিনীর সদস্যদের শনাক্ত ও শাস্তি দিতে সরকার গ্রহণযোগ্য পদক্ষেপ নেয়নি। প্রতিবেদনে বলা হয়েছে, সরকার বা সরকারি সংস্থা বিচারবহির্ভূত হত্যাকাণ্ডসহ বিধিবহির্ভূত হত্যাকাণ্ড ঘটিয়েছে বলে তথ্য রয়েছে। নিরাপত্তা বাহিনীর সদস্যদের হাতে মোট কতজন নিহত হয়েছে, সেই সংখ্যা প্রকাশ করা হয়নি এবং ঘটনাগুলো তদন্তে স্বচ্ছ পদক্ষেপ নেয়া হয়নি, বলা হয় প্রতিবেদনে। বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বিগত বছরের তুলনায় কমেছে বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। এতে বলা হয়েছে, মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) জানিয়েছে, ২০২৩ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত ৮ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার বা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে থাকাকালে মারা গেছেন। আরেকটি মানবাধিকার সংগঠন একই সময়ে ১২ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছে বলে জানিয়েছে। বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতার ওপর উল্লেখযোগ্য মাত্রায় সীমাবদ্ধতা রয়েছে বলে উল্লেখ করা হয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের প্রতিবেদনে। বলা হয়েছে, হয়রানি ও প্রতিহিংসামূলক পদক্ষেপের ভয়ে সংবাদমাধ্যমকর্মী ও ব্লগাররা সরকারের সমালোচনার ক্ষেত্রে চুপ থাকতে বাধ্য হচ্ছেন। ঢাকায় অবস্থিত যুক্তরাষ্ট্র দূতাবাস আরো বলেছে, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ স্টেট প্রকাশিত ২০২৩ সালের মানবাধিকার প্রতিবেদনটি বিশ্বব্যাপী মানবাধিকার পরিস্থিতির একটি বাস্তব ও বস্তুনিষ্ঠ দলিল। গত ২০২৩ সালের হিউম্যান রাইটস রিপোর্ট (এইচআরআর) ১৯৮টি দেশ ও অঞ্চলকে নিয়ে কাজ করেছে। প্রতিবেদনে পৃথকভাবে মানবাধিকার অবমাননা ও লঙ্ঘনের ওপর বিশ্বাসযোগ্য তথ্যের বিস্তৃত বর্ণনা দেয়া হয়েছে। যা সরকার, মানবাধিকারের সমর্থনে কাজ করা ব্যক্তি, সাংবাদিক এবং নির্দিষ্ট দেশ ও অঞ্চলগুলোতে মানবাধিকার ও গণতন্ত্রের অবস্থা সম্পর্কে উদ্বিগ্ন ব্যক্তিদের ব্যবহারযোগ্য একটি হাতিয়ার সরবরাহ করে।

(ভোয়া ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ এলিনা)

## চট্টগ্রামের ঐতিহ্যবাহী বলীখেলা উপলক্ষ্যে ৩ দিনের বৈশাখী মেলা শুরু হচ্ছে বুধবার

বাংলাদেশের চট্টগ্রামের ঐতিহ্যবাহী বলীখেলা অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার (২৫শে এপ্রিল)। আর এ উপলক্ষ্যে বসছে তিনদিনের বৈশাখী মেলা। মেলা শুরু হবে বুধবার (২৪শে এপ্রিল) থেকে; চলবে শুক্রবার (২৬শে এপ্রিল) পর্যন্ত। ব্রিটিশবিরোধী আন্দোলনে দেশের যুবকদের সংগঠিত করতে, ১৯০৯ সালে চট্টগ্রামের বকশীর হাটের ব্যবসায়ী আবদুল জব্বার সওদাগর চালু করেছিলেন বলীখেলা। এরপর, ২০১৯ সাল পর্যন্ত প্রতি ১২ বৈশাখ চট্টগ্রাম শহরের লালদীঘি ময়দানে অনুষ্ঠিত হয়েছে জব্বারের বলীখেলা। করোনা মহামারীর কারণে ২০২০-২০২১ সালে বলীখেলার আয়োজন করা সম্ভব হয়নি। পরের বছর ২০২২ সাল থেকে আবার নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে জব্বারের বলীখেলা। বলীখেলা আয়োজনের জন্য ইতোমধ্যে স্থানীয় ব্যবস্থাপনা কমিটি সব প্রস্তুতি নিয়েছে। এ বছর জব্বারের বলীখেলার ১১৫তম

আসর বসছে। আগামী ২৫শে এপ্রিল যথা নিয়মে খেলা শুরু হবে । বলীখেলা উপলক্ষ্যে, ২৪শে এপ্রিল থেকে ২৬শে এপ্রিল ৩ দিনের বৈশাখী মেলা বসছে। বাঙালি সংস্কৃতি ঐতিহ্যবাহী আব্দুল জব্বারের এই বলীখেলাকে কেন্দ্র করে লালদীঘির আশপাশের প্রায় কয়েক কিলোমিটার এলাকাজুড়ে ইতোমধ্যেই মেলার আয়োজন শুরু হয়েছে। বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে ব্যবসায়ীরা এসে নগরীর আন্দরকিল্লা, বক্সিরহাট, লালদীঘি, কোতোয়ালি, জেল রোড় এলাকায় সড়কের পাশে নানা পসরা সাজিয়ে বিক্রি শুরু করেছেন। এবারও মেলায় কয়েক লাখ মানুষের সমাগম ঘটবে বলে আশা করছেন আয়োজকরা। আয়োজক কমিটির সভাপতি জহর লাল হাজারী জানান, ১৯০৯ সালে এই মেলার প্রথম আয়োজন হয়। এরপর থেকে, করোনা মহামারীর দুই বছর ছাড়া কখনো বন্ধ হয়নি। "আগামী ২৫শে এপ্রিল ঐতিহ্যবাহী লালদিঘী ময়দানে বলীখেলার ১১৫তম আসর বসবে। প্রতিযোগিতায় অংশ নিতে, একদিন আগে থেকেই বলীরা চট্টগ্রামে অবস্থান করবেন। কয়েক লাখ মানুষ মেলায় অংশ নেবে বলে আশা করছি;" বলেন জহর লাল হাজারী। তিনি আরো বলেন, এ বলীখেলা ও বৈশাখী মেলাকে সামনে রেখে চট্টগ্রামসহ সারা দেশের মানুষের মধ্যে আগ্রহ ও উদ্দীপনা বিরাজ করে। চট্টগ্রামের বিভিন্ন উপজেলার গ্রামে-গঞ্জে বলীখেলা, গরুর লড়াই, ঘোড়দৌড়সহ বিভিন্ন লোকসংস্কৃতি যুগ যুগ ধরে চলে আসছে। মেলাতে এ অঞ্চলের মানুষের গৃহস্থালীর নানা ব্যবহার্য পণ্য-সামগ্রী বিক্রির জন্য আনা হয়। বছরব্যাপী এ পেশার সঙ্গে জড়িত মানুষ নানাজাতের গৃহস্থালী সামগ্রী তৈরি করে। এছাড়া, লালদীঘির বলীখেলার অনুরূপ লোকসংস্কৃতির মেলা আয়োজিত হয় চট্টগ্রামের জেলা-উপজেলা ও গ্রামে-গঞ্জে। সপ্তাহব্যাপী চলে এই আয়োজন। এই অনুষ্ঠানে অংশ নেন নানা ধর্ম-গোত্র-পেশার মানুষ। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশ ও কাতার দশটি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে

বাংলাদেশ ও কাতার বহুমুখী ক্ষেত্রে সম্পর্ক জোরদার ও সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে, মঙ্গলবার (২৩শে এপ্রিল) ১০টি সহযোগিতা দলিল স্বাক্ষর করেছে। এর মধ্যে রয়েছে যার ৫টি চুক্তি এবং ৫টি সমঝোতা স্মারক। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর প্রত্যক্ষ করেন। যে ৫ বিষয়ে চুক্তি সই হয়েছে সেগুলো হলো; আইনি ক্ষেত্রে সহযোগিতা চুক্তি; পারস্পরিক বিনিয়োগ উন্নয়ন ও সুরক্ষা সম্পর্কিত চুক্তি; দ্বৈত কর পরিহার ও কর ফাঁকি রোধে চুক্তি; সাগর পথে পরিবহন চুক্তি এবং ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) ও কাতার চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (কিউসিসিআই) মধ্যে যৌথ ব্যবসা পরিষদ (জেবিসি) গঠন চুক্তি। আর ৫টি সমঝোতা স্মারক হলো; ক্রীড়া ও যুব ক্ষেত্রে সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক; দুই দেশের শ্রম মন্ত্রণালযের মধ্যে জনশক্তি কর্মসংস্থান (শ্রম) ক্ষেত্রে সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক; কূটনীতিকদের প্রশিক্ষণ সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক; শিক্ষা, উচ্চশিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা ক্ষেত্রে সহযোগিতার জন্য সমঝোতা স্মারক এবং কাতারের বন্দর ব্যবস্থাপনা কোম্পানি 'মাওয়ানি কাতার' ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা স্মারক। অনুষ্ঠানে রাজধানী ঢাকার একটি সড়ক ও পার্কের নামকরণ করা হয় কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি'র নামে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মিরপুরের কালশী এলাকায় নির্মিত পার্ক এবং মিরপুর ইসিবি চত্বর থেকে কালশী ফ্লাইওভার পর্যন্ত সড়কটি কাতারের আমিরের নামে নামকরণ করা হয়। এখন থেকে সড়ক ও পার্কটি যথাক্রমে শেখ তামিম বিন হামাদ আল থানি এভিনিউ ও শেখ তামিম বিন হামাদ আল থানি পার্ক নামে পরিচিত হবে। এর আগে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার সকালে তার কার্যালয়ে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানিকে উষ্ণ অভ্যর্থনায় স্বাগত জানান।

### বিনিয়োগের আহবান

বাংলাদেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলে (এসইজেড) আরো বিনিয়োগের জন্য কাতারের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। মঙ্গলবার (২৩শে এপ্রিল) বঙ্গভবনে সফররত কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি'র সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ আহবান জানান তিনি। সাক্ষাৎ শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন সাংবাদিকদের এ বিষয়ে অবহিত করেন। প্রেস সচিব জানান যে, রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বলেছেন, "উৎপাদন থেকে গ্রাহক পর্যন্ত কৃষি উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, খাদ্য প্যাকেজিং, স্মার্ট কৃষি, সার উৎপাদন এবং রাষ্ট্রীয় পরিচালনার খাদ্য সরবরাহ শৃঙ্খল-সহ বিভিন্ন খাতে বিনিয়োগকে স্বাগত জানাবে বাংলাদেশ।" প্রেস সচিব আরো জানান যে উপসাগরীয় অঞ্চলে কাতারকে বাংলাদেশের গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার হিসেবে উল্লেখ করেছেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। তিনি বলেছেন, আমিরের এই সফর এবং দু'দেশের মধ্যে ৫টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক সইয়ের ফলে আগামী দিনগুলোতে দ্বিপক্ষীয় সহযোগিতা আরো সম্প্রসারিত ও জোরদার হবে। বাংলাদেশের রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ সরকার বিদেশি বিনিয়োগের জন্য ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল তৈরি করেছে। পেট্রোকেমিক্যাল, জ্বালানি, মেশিনারি, তথ্যপ্রযুক্তি, ইলেকট্রনিক্স, সিরামিক, কৃষি ব্যবসা, খাদ্য প্রক্রিয়াজাতকরণের মতো খাতে কাতারের বিনিয়োগকারীরা ব্যাপক প্রণোদনা ও সহায়তা পেতে পারেন। প্রায় পৌনে ৪ লাখ বাংলাদেশির কর্মসংস্থানের সুযোগ করে দেয়ায় কাতার সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। তিনি বলেন, এই জনশক্তি কাতার ও বাংলাদেশ উভয়ের আর্থ-সামাজিক উন্নয়নে প্রতিনিয়ত অবদান রাখছে। রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বাংলাদেশ থেকে আরো তরুণ, দক্ষ ও আধা দক্ষ জনশক্তি, আইটি বিশেষজ্ঞ এবং পেশাদার প্রযুক্তিবিদ নিয়োগের জন্য কাতারের আমিরের প্রতি

আহবান জানান। বাংলাদেশে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহের জন্য কাতার সরকারকে ধন্যবাদ জানান বাংলাদেশের রাষ্ট্রপতি। ইসরায়েল ও হামাসের মধ্যে চলমান আলোচনায় সহায়তা করার জন্য (মিশর ও যুক্তরাষ্ট্রের সঙ্গে) কাতারের প্রচেষ্টার প্রশংসা করেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। কাতারের আমির প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করেন। আগামী দিনগুলোতে বাংলাদেশের জন্য প্রয়োজনীয় সব ধরনের সহায়তা অব্যাহত থাকবে বলে তিনি আশ্বাস দেন। কাতারের আমির বলেন, বাংলাদেশ ও কাতারের সই করা চুক্তি ও সমঝোতা স্মারক উভয় দেশের মধ্যে দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সম্পর্ক উন্নয়নে আরো কার্যকর ভূমিকা রাখবে। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৪.২০২৪ রুবাইয়া)

## মিয়ানমার থেকে বুধবার স্বদেশে ফিরছেন ১৭৩ বাংলাদেশি নাগরিক

মিয়ানমারের রাখাইন রাজ্যের সিতওয়ে কারাগার থেকে স্বদেশে ফিরে আসছেন ১৭৩ জন বাংলাদেশি নাগরিক। বুধবার (২৪শে এপ্রিল) তাদের বাংলাদেশে ফিরে আসার কথা রয়েছে। ইয়াঙ্গুনে বাংলাদেশ দূতাবাস জানায়, রাখাইন রাজ্যে সংঘাতের কারণে সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে ঢুকতে বাধ্য হওয়া মিয়ানমার প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ফিরিয়ে আনতে দেশটির নৌবাহিনীর জাহাজ চিন ডুইন বাংলাদেশে যাচ্ছে। এই জাহাজে করে ১৭৩ বাংলাদেশি নাগরিককে ফেরত পাঠানো হবে। বুধবার (২৪শে এপ্রিল) এই জাহাজ বাংলাদেশ ভূখণ্ডে পৌঁছাবে। তখন বাংলাদেশি নাগরিকদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে। এই ১৭৩ বাংলাদেশি নাগরিকের মধ্যে রয়েছেন; কক্সবাজারের ১২৯ জন, বান্দরবানের ৩০ জন, রাঙামাটির ৭ জন এবং খাগড়াছড়ি, নোয়াখালী, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজবাড়ী, নরসিংদী ও নীলফামারী জেলার একজন করে। মিয়ানমারের জাহাজটির বাংলাদেশে সম্ভাব্য সফরের তথ্য পাওয়ার পর মিয়ানমারে কারাগারে থাকা বাংলাদেশিদের ফেরত পাঠানোর সুযোগ কাজে লাগাতে তৎপর হয় ইয়াঙ্গুনের বাংলাদেশ দূতাবাস। এরপর তারা বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মিয়ানমার কর্তৃপক্ষের কাছে বিষয়টি উত্থাপন করে। দূতাবাস মিয়ানমারে বিভিন্ন কারাগারে থাকার পর মেয়াদ শেষ হওয়া বা ক্ষমাপ্রাপ্ত বাংলাদেশি নাগরিকদের মধ্যে ১৪৪ জনকে নির্বিঘ্নে ফিরিয়ে আনতে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে অনুরোধ করে। এছাড়া, আরো ২৯ জন যাচাই করা বাংলাদেশি নাগরিকের মুক্তির বিষয়ে বাংলাদেশ দূতাবাস অনুরোধ করে। এরা এখনো কারাদণ্ড ভোগ করছেন বা বিচারাধীন অবস্থায় রয়েছেন। এদিকে, গত বছরের ৩ অক্টোবর দুই দেশের মধ্যে পতাকা বৈঠকের মাধ্যমে বাংলাদেশে ফিরে আসে ২৯ বাংলাদেশি নাগরিক। সর্বশেষ বাংলাদেশি নাগরিকদের প্রত্যাবর্তনের পর থেকে ইয়াঙ্গুনের বাংলাদেশ দূতাবাস এবং সিতওয়েতে বাংলাদেশ কনস্যুলেট বাকিদের ফিরিয়ে আনতে কাজ শুরু করে। ইয়াঙ্গুনে বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশ কনস্যুলেট ও সিতওয়ের প্রতিনিধিরা স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে যাচাই-বাছাই প্রক্রিয়া পরিচালনা করেন। পরে প্রত্যাবর্তনকারীদের অনুকূলে ট্রাভেল পারমিট ইস্যু করা হয়।

### হাছান মাহমুদ যা বলেছিলেন

এর আগে, গত ৩রা এপ্রিল বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছিলেন, বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমারের ১৮০ জন সীমান্তরক্ষী ও সেনা সদস্যকে ফেরত পাঠানোর পাশাপাশি মিয়ানমারে আটকে পড়া ১৭০ জন বাংলাদেশিকে ফিরিয়ে আনার উদ্যোগ নেয়া হচ্ছে। গত ৩রা এপ্রিল দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ কথা জানান তিনি। হাছান মাহমমুদ জানান, মিয়ানমারের ১৭৭ জন বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) সদস্য ও পরে তিনজন সেনাসদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। "আমাদের সঙ্গে আলোচনায় মিয়ানমার সরকার তাদের ফেরত নিতে সম্মত হয়েছে। তারা নৌপথের প্রস্তাব দিয়েছিল; আমরা এ সপ্তাহেই তাদের ফেরত পাঠাবো বলে আশা করছিলাম। সমুদ্র অনুকূলে না থাকায় আগামী সপ্তাহে বা সমুদ্র শান্ত হলে দ্রুত তাদের পাঠানো হবে;" জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি, মিয়ানমারে আটকে পড়া ১৭০ জন বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনার প্রস্তাব দেয়া হয়েছিলো, সেই প্রস্তাবে তারা ইতিবাচক সাড়া দিয়েছে বলে জানান ড. হাছান। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৪.২০২৪ রুবাইয়া)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী নির্যাতন, তিন ছাত্রলীগকর্মী যুক্ত বলে প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি

বাংলাদেশের ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) গত ৭ই ফেব্রুয়ারি আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের এক শিক্ষার্থীকে নির্যাতন করা হয়েছে বলে অভিযোগ পাওয়া যায়। আর, এ ঘটনায় ছাত্রলীগের তিন কর্মী যুক্ত বলে প্রমাণ পেয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও লালন শাহ হল প্রশাসন গঠিত দুটি তদন্ত কমিটি। মঙ্গলবার (২৩শে এপ্রিল) উপাচার্যের কার্যালয় সূত্রে জানা গেছে, তদন্ত কমিটিগুলো সোমবার (২২শে এপ্রিল) বিকালে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে প্রতিবেদন জমা দিয়েছে। শিক্ষার্থী নির্যাতনে যুক্ত ছাত্রলীগ কর্মীরা হলেন; শারীরিক শিক্ষা বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী মুদাসসির খান কাফি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী সাগর ও উজ্জল হোসেন। তারা সবাই বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয়ের অনুসারী বলে পরিচিত। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সুপারিশ করেছে তদন্ত কমিটি। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ এম আলী হাসান জানান, শিক্ষার্থী নির্যাতনে জড়িত থাকার প্রমাণ পাওয়ায়, শৃঙ্খলা কমিটির আগামী সভায় অভিযুক্তদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। তদন্ত কমিটি জানায়, গত ৭ই ফেব্রুয়ারি মুদাসসির খান কাফি ও মোহাম্মদ সাগরের নেতৃত্বে একদল ছাত্রলীগ কর্মী আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের ওই শিক্ষার্থীকে লালন শাহ হলের ১৩৬ নম্বর কক্ষে ডেকে নেয়। সেখানে তারা ওই শিক্ষার্থীকে বিবস্ত্র করে

মধ্যরাত থেকে সাড়ে ৪টা পর্যন্ত নির্যাতন করে। এক পর্যায়ে নির্যাতিত শিক্ষার্থী, অভিযুক্তদের নির্দেশ অনুযায়ী কাজ করতে অস্বীকার করলে স্টিলের লাঠি দিয়ে তাকে মারধর করা হয়। বিশ্ববিদ্যালয়ের আইন প্রশাসক ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের গঠিত তদন্ত কমিটির সদস্য অধ্যাপক ড. এম আনিসুর রহমান বলেন, ছাত্রলীগের নেতা-কর্মীরা ওই শিক্ষার্থীকে শারীরিক ও মানসিক নির্যাতন করেছে। এর আগে, গত বছরের ১২ই ফেব্রুয়ারি রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের দেশরত্ন শেখ হাসিনা হলে ছাত্রলীগের সহ-সভাপতি সানজিদা চৌধুরী অন্তরা ও তার সহযোগী তাবাসসুম, মিম, উর্মি ও মাওবিয়া জাহানের নির্যাতনের শিকার হন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রী। এ ঘটনার পর, ইসলামী বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিবাদের ঝড় ওঠে। হাইকোর্টের নির্দেশে গত ২১শে আগস্ট অন্তরা ও তার চার সহযোগীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৪.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### বাংলাদেশ-কাতারের মধ্যে ১০টি সহযোগিতা নথি সই

বাংলাদেশ ও কাতার বহুমুখী ক্ষেত্রে সম্পর্ক জোরদার ও সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে সহায়তা করতে মঙ্গলবার ১০টি সহযোগিতার বিষয়ে নথি সই করেছে, যার পাঁচটি চুক্তি ও পাঁচটি সমঝোতা স্মারক। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এসব নথি সই প্রত্যক্ষ করেন। চুক্তি সই হওয়া পাঁচটি বিষয় হলো- বাংলাদেশ ও কাতারের মধ্যে আইনি ক্ষেত্রে সহযোগিতা চুক্তি; পারস্পরিক বিনিয়োগ উন্নয়ন ও সুরক্ষা সম্পর্কিত চুক্তি; কাতার ও বাংলাদেশের মধ্যে আয়ের ক্ষেত্রে দ্বৈতকর পরিহার ও কর ফাঁকি রোধে চুক্তি; সাগর পথে পরিবহন চুক্তি এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) ও কাতার চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (কিউসিসিআই) মধ্যে যৌথ ব্যবসা পরিষদ (জেবিসি) গঠনে চুক্তি। এছাড়াও পাঁচটি সমঝোতা স্মারক সহ কয়েকটি ক্ষেত্রে সহযোগিতা চুক্তিও স্বাক্ষরিত হয়।
(রেডিও তেহরান: ২০৩০ ২৩.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

### মুদ্রা বাজারের গতিবিধি সম্পর্কে সতর্ক করেছেন জাপানের অর্থমন্ত্রী

মুদ্রা বাজারে অত্যধিক লেনদেন সম্পর্কে আবারও সতর্কতা জারি করেছেন জাপানের অর্থমন্ত্রী। সুযুকি শুনইচি এই ধরনের ইঙ্গিত দিয়েছেন যে সাম্প্রতিক পরিস্থিতি ইয়েনের দ্রুত পতন সমস্যার সমাধানের জন্য পদক্ষেপ নেয়ার পরিবেশ তৈরি করেছে।সংসদের উচ্চকক্ষ কমিটির এক বৈঠকে সুযুকি এই মন্তব্য করেন। জাপানি মুদ্রার মূল্য বৃদ্ধির জন্য একটি সম্ভাব্য বাজার হস্তক্ষেপ সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন, "যথাযথ হস্তক্ষেপটি কী তা আমি বলব না। তবে সেই পদক্ষেপের দিকে যাওয়ার মতো পরিবেশ তৈরি হয়েছে কিনা জিজ্ঞাসা করা হলে, আমি মনে করি তা হয়েছে। সুযুকি বলেন, যে তিনি ওয়াশিংটনে গত সপ্তাহে একাধিক বৈঠকে ইয়েনের অবমূল্যায়ন নিয়ে তীব্র উদ্বেগ প্রকাশ করেছেন। বৈঠকগুলোর মধ্যে একটিতে জাপান, যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়ার অর্থমন্ত্রীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ডলারের বিপরীতে ইয়েনের মূল্যমান ৩৪ বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২৩.০৪.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### দুই শিক্ষার্থীর মৃত্যুতে উত্তাল চুয়েট

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) দুই শিক্ষার্থী সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনায় উত্তাল হয়ে উঠেছে ক্যাম্পাস। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা মঙ্গলবার দ্বিতীয় দিনের মতো কাপ্তাই সড়ক অবরোধ এবং ক্লাস ও পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করছে। শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ৯ দফা দাবি দিয়ে মঙ্গলবার ৭২ ঘণ্টার আল্টিমেটাম দিয়েছে। দাবি পুরণ না হওয়া পর্যন্ত তারা সব ধরনের একাডেমিক কার্যক্রম বন্ধ, সড়ক অবরোধ ও বিক্ষোভ কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে তিনটার দিকে কর্মসূচি ঘোষণার সময় সেখানে বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রোভিসি, ছাত্র কল্যাণ পরিচালক, শিক্ষক ও স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নিহত শান্ত সাহা নরসিংদী জেলা সদরের চার নাম্বার ওয়ার্ডের কাজল সাহার ছেলে এবং তৌফিক হোসেন নোয়াখালী সদর উপজেলার সুধারাম থানার নিউ কলেজ রোডের দুই নম্বর ওয়ার্ডের মোহাম্মদ দেলোয়ার হোসেনের ছেলে। মঙ্গলবার দুপুর ১২টায় চুয়েট ক্যাম্পাসে গায়েবানা জানাজা অনুষ্ঠিত হয়। তৌফিক হোসেনের লাশ তার গ্রামের বাড়ি নোয়াখালীর সুধারামে দাফন করা হয়েছে। দুই ভাই এক বোনের মধ্যে সে ছিল সবার বড়। তারা বাবা দেলোয়ার হেসেন নোয়াখালী পৌরসভার প্রকৌশলী বলে জানান তৌফিকের বন্ধু নাফিজ হাসান নাফি। আর শান্ত সাহার মরদেহ নরসিংদীতে তার গ্রামের বাড়িতে সৎকার করা হয়েছে বলে তার ভাই পার্থ সাহা জানান। সোমবার সন্ধ্যার দিকে ক্যাম্পাসে দুই শিক্ষার্থীর মৃত্যুর খবর পৌঁছলে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা  সড়ক অবরোধ করে। তারা ক্যাম্পাসের সামনে গাছের গুড়ি ফেলে কাপ্তাই সড়ক অবরোধ করে এবং শাহ আমানত পরিবহনের চারটি বাস আটক করে। এর মধ্যে একটি বাস তারা আগুন দিয়ে জ্বালিয়ে দেয়। মঙ্গলবার সকাল থেকে তারা আবার কাপ্তাই সড়ক অবরোধ করলে মহাসড়কে শত

শত যানবাহন আটকা পড়ে। শিক্ষার্থীরা ক্লাস ও পরীক্ষাসহ সব ধরনের একাডেমিক কার্যক্রম বর্জন করছে। তারা দিনভর ক্যাম্পাসে বিক্ষোভ করে। কাপ্তাই সড়কে তারা টায়ার জ্বালিয়ে অবরোধ করে।

শিক্ষার্থীরা বিকেলে ১০ দফা দাবি জানান সংবাদ সম্মেলন করে। দাবিগুলোর মধ্যে আছে- পলাতক চালক ও তার সহযোগীকে দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা, সুযোগ সুবিধা সংবলিত আধুনিক চিকিৎসাকেন্দ্র স্থাপন, হাসপাতালে আধুনিক সরঞ্জামসহ অ্যাম্বুলেন্স সুবিধা দেয়া, রাস্তার মাথা (কাপ্তাই) এলাকা থেকে কাপ্তাই পর্যন্ত চার লেন মহাসড়ক করা, প্রতিটি বাস ও সিএনজিচালিত অটোরিকশার কাগজপত্র ও চালকদের লাইসেন্স নিয়মিত যাচাই করা, শাহ আমানত ও এবি পরিবহন এই সড়কে নিষিদ্ধ করা, শিক্ষার্থী অনুপাতে ছাত্র বাস বাড়ানো, ছাত্রকল্যাণ পরিষদকে জবাবদিহির আওতায় আনা, ছাত্র প্রতিনিধিদল গঠন করা, নিহত ও আহতদের পরিবারকে যথোপযুক্ত ক্ষতিপূরণ দেয়া এবং আহত শিক্ষার্থীর চিকিৎসার সব ব্যয়ভার বহন করা। আন্দোলনকারী শিক্ষার্থীদের একজন অণুরাগ নন্দি অভিযোগ করেন, "দুর্ঘটনার খবর পাওয়ার পর আমরা অনুরোধ করেও বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের অ্যাম্বুলেন্স পাইনি। পেলে হয়ত আরো একজনকে বাঁচানো যেত। ঘটনার দুই ঘণ্টা পর তাদের হসাপাতালে নেয়া হয়। প্রথমে অটোরিকশা ও পরে অ্যাম্বুলেন্সের সহায়তায়। আর মেডিকেল সেন্টারেও এই ধরনের আহতদের চিকিৎসার কোনো ব্যবস্থা নাই।" তিনি জানান, "কয়েকমাস আগেও এই সড়কে এবি ট্রাভেলস নামে আরেকটি পরিবহনের একটি বাস মোটরসাইকেলকে পিছন থেকে ধাক্কা দেয়ায় দুইজন ছাত্র আহত হয়েছিলেন। তখনো আমরা ওই পরিবহনের বাস আটকে সড়কের নিরাত্তার প্রতিশ্রুতি চেয়েছিলাম। তখন আমাদের প্রতিশ্রুতি দেয়া হলেও তা বাস্তবায়ন করা হয়নি।" আমরা এখন যে ১০ দফা দাবি দিয়েছি তা পুরণের জন্য ৭২ ঘণ্টার মধ্যে লিখিত প্রতিশ্রুতি চাই। কোন দাবি কত দিনে পূরণ করা হবে তাও লিখিত দিতে হবে। তার আগ পর্যন্ত আমাদের সব ধরনের কর্মসূচি অব্যাহত থাকবে। আর ৭২ ঘণ্টার মধ্যে দাবি পূরণ না হলে আরো কঠোর আন্দোলনে যাব আমরা," বলেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালক অধ্যাপক ড. রেজাউল করিম বলেন, "দুইজন ছাত্র নিহত হওয়ার ঘটনা খুবই দুঃখজনক। ছাত্রদের দাবির সবগুলো আমাদের পক্ষ পূরণ করা সম্ভব নয়। এর জন্য নানা কর্তৃপক্ষ আছে। আর কিছু দাবি আছে যা পূরণ করতে সময় লাগবে। আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসন এখন জেলা প্রশাসনের সঙ্গে বসে দাবিগুলো নিয়ে কথা বলব। কীভাবে পূরণ করা যায় দেখব। যেমন চার বা ছয় লেনের মহাসড়ক তো আমরা করতে পারব না। দায়ীদের আটক করবে পুলিশ। আমরা সংশ্লিষ্ট সবার সঙ্গে যোগাযোগ করছি। আর আমরা যেগুলো সম্ভব সেগুলো পূরণ করব।" দুর্ঘটনার পর অ্যাম্বুলেন্স না পাওয়া প্রসঙ্গে তিনি বলেন, "আমাদের মেডিকেল সেন্টারে তিনটি অ্যাম্বুলেন্স আছে। তবে তিনটি তখন জরুরি রোগী বহন করছিল।" আর ক্ষতিপূরণের ব্যাপারে তিনি বলেন, "সরকার একটি ক্ষতিপূরণ দেয় সেটা তারা পাবে। বাস মালিককেও দিতে হবে। আর আমরা নিহতদের মরদেহ গ্রামের বাড়িতে পাঠানোর ব্যবস্থা করেছি। আহতের চিকিৎসা খরচ দিচ্ছি। আরো কী করা যায় তা নিয়ে আলোচনা চলছে।"

রাঙ্গুনিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা চন্দন দাস জানান, এখনো তারা ওই বাসের চালক ও হেলপারকে আটক বা চিহ্নিত করতে পারেননি। তিনি বলেন, "আমরা শাহ্ আমানত পরিবহনের মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করেছি। তারা আমাদের ওই বাসের চালক ও কর্মচারীদের নাম জানাবে। আশা করি দ্রুত তাদের আটক করতে পারব।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

### প্রথম ধাপে উপজেলা নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছে ২৬ জন প্রার্থী

প্রথম ধাপে উপজেলা নির্বাচনে ২৬ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন ইসি। এদের মধ্যে সাতজন চেয়ারম্যান, নয়জন ভাইস চেয়ারম্যান এবং দশজন মহিলা ভাইস চেয়ারম্যান রয়েছে। এই সংখ্যা আরো বাড়তে পারে বলে মঙ্গলবার বিভিন্ন সংবাদ মাধ্যমকে জানায় নির্বাচন কমিশন ইসি।

(রেডিও টুডেঃ২১৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ এলিনা)

### চলমান তাপপ্রবাহের মধ্যে আরও তিন দিনের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অফিস

দেশে চলমান তাপপ্রবাহে জনজীবন অতিষ্ট হয়ে উঠলেও শিগগিরই কোন সুখবর মিলছে না। আগের দু'দিন থার্মোমিটারের পারদ কিছুটা নিচে নামলেও মঙ্গলবার থেকে ফের তাপমাত্রা বাড়ার আভাস রয়েছে। সেই সঙ্গে চলতি মাসের শেষ সপ্তাহে ঢালাওভাবে দেশের বিভিন্ন এলাকায় বৃষ্টি হওয়ার কিংবা গরম কমারও কোন সম্ভাবনা নেই বলে জানিয়েছেন, আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ তরিফুল নেওয়াজ করিম। মঙ্গলবার সংবাদমাধ্যমকে তিনি বলেন, আজকে তাপমাত্রা বাড়বে এবং সামনে একধারেই বাড়তে থাকবে। এ মাসের মধ্যে ঢালাওভাবে বৃষ্টি বা গরম কমারও কোনো সম্ভাবনা নেই। চলমান তাপপ্রবাহের মধ্যে সোমবার আরও তিন দিনের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অফিস। আবহাওয়ার সব শেষ বুলেটিনে বলা হয়েছে, দেশের উপর দিয়ে চলমান মৃদু থেকে তীব্র ধরনের তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে। বাতাসে জলীয়বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বাড়তে পারে।

(রেডিও টুডেঃ২১৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির কড়া সমালোচনা করেছে যুক্তরাষ্ট্র

বাংলাদেশে ২০২৩ সালে মানবাধিকার পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়নি বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। সোমবার মার্কিন পররাষ্ট্র বিভাগের প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে এসব তথ্য বলা হয়েছে। প্রতিবেদনে বলা হয় বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন খবর রয়েছে তাদের কাছে। বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, গুম, নির্যাতন, বিধি বহির্ভূত ধর-পাকড়ের কথা তুলে ধরা হয়েছে ঐ প্রতিবেদনে। এছাড়া, বিচার বিভাগের স্বাধীনতা বড় ধরনের সমস্যা। রাজনৈতিক গ্রেফতার, মত প্রকাশে বাধা ও সংবাদ মাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপ, শান্তিপূর্ণ সভা সমাবেশ ও রাজনৈতিক কর্মসূচিতে বিধি নিষেধের কথাও বলা হয়েছে এতে। এছাড়া, বাংলাদেশে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের হাতে গুম ও অপহরণের ঘটনা অব্যাহত রয়েছে বলেও এই প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## কাতারের সঙ্গে ৫ চুক্তি ও ৫ সমঝোতা স্মারক সই

কাতারের সঙ্গে পাঁচটি চুক্তি ও পাঁচটি সমঝোতা স্মারক সই করেছে বাংলাদেশ। আজ মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে এই চুক্তি ও সমঝোতা সই হয়। এর আগে সকাল সোয়া দশটার দিকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পৌঁছান কাতরের আমির। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে ফুলেল শুভেচ্ছা জানান। পরে দ্বিপাক্ষিক বৈঠকে বসেন তারা। বৈঠকে চুক্তি এবং সমঝোতা স্মারক সই করেন দু' দেশের সরকার প্রধান। চুক্তিগুলোর মধ্যে অন্যতম দ্বৈতকর পরিহার, আইনগত বিষয় সহযোগিতা, সাগর পথে পরিবহন, বিনিয়োগ, উন্নয়ন ও সুরক্ষা এবং যৌথ ব্যবসা পরিষদ গঠন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## দেশে নির্বাচিত সরকারকে হঠানোর চক্রান্ত চলছে : ওবায়দুল কাদের

আওয়ামী লীগই একমাত্র দল যারা এদেশের নির্বাচনকে স্বাধীন ও নিরপেক্ষ করেছে বলে মন্তব্য করেছেন দলটির সাধারণ সম্পাদক এবং সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। মঙ্গলবার বঙ্গবন্ধু এভিনিউয়ে ঢাকা মহানগর উত্তর দক্ষিণ আওয়ামী লীগের যৌথ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ওবায়দুল কাদের বলেন, নির্বাচিত সরকারকে হঠানোর চক্রান্ত চলছে। সুষ্ঠু নির্বাচন এবং ভোটার উপস্থিতি সন্তোষজনক থাকা সত্ত্বেও দেশি-বিদেশি চক্র নির্বাচন নিয়ে মিথ্যাচার চালিয়ে যাচ্ছে। সেতুমন্ত্রী বলেন, গণতন্ত্র, শান্তি ও নির্বাচন বিরোধী অপশক্তি বিরুদ্ধে সারা বাংলাদেশে প্রতিরোধ গড়ে তুলতে হবে। উপজেলা নির্বাচন সামনে রেখে শেখ হাসিনা সবাইকে ভোটের মাধ্যমে সাংবিধানিক অধিকার প্রয়োগের আহ্বান জানিয়েছেন বলেও জানান তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## সীমান্তে নিরস্ত্র মানুষ হত্যা বন্ধে সরকারের কোনো উদ্যোগ নেই : রিজভী

সীমান্ত হত্যা বন্ধের সরকারের কোনো উদ্যোগ নেই বলে মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার দুপুরে রাজধানীর নয়া পল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এই মন্তব্য করেন তিনি। এ সময় রিজভী অভিযোগ করেন প্রতিদিনই সীমান্তে নিরীহ মানুষ হত্যা করছে বিএসএফ। অথচ নিরস্ত্র মানুষ হত্যা বন্ধে সরকারের কোনো পদক্ষেপ নেই। রিজভী জানান ফরিদপুরে দুই ভাইকে পিটিয়ে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছে বিএনপি। সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত কমিটি ও গঠন করেছে দলটি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## জলদস্যুদের কবল থেকে মুক্ত হওয়া জাহাজ এমভি আব্দুল্লাহ আমিরাতের বন্দরে নোঙর করেছে

সোমালিয়ান জলদস্যুদের কবল থেকে মুক্ত হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ সংযুক্ত আরব আমিরাতের হামিরিয়া বন্দরে নোঙ্গর করেছে। গতকাল সোমবার রাত সোয়া আটটায় কেএসআরএম গ্রুপের মালিকানাধীন জাহাজটি আমিরাতের হামিরিয়া বন্দরে জেটিতে নোঙ্গর করেছে বলে জানিয়েছেন দুবাইয়ে বাংলাদেশের কনসাল জেনারেল বিএম জামাল হোসেন। বিএম জামাল হোসেন সাংবাদিকদের জানান, ২৩ জন নাবিক শারীরিকভাবে সুস্থ রয়েছেন। তাদের মনোবল চাঙ্গা রয়েছে। দুজন নাবিক উড়োজাহাজে দেশে ফেরার কথা থাকলেও তারা সিদ্ধান্ত পরিবর্তন করে জাহাজেই দেশে ফেরার কথা জানিয়েছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## সহসাই তাপপ্রবাহ থেকে মুক্তি পাচ্ছেন না দেশবাসী: আবহাওয়া অফিস

দেশের বিস্তীর্ণ এলাকায় চলমান তাপপ্রবাহে জনজীবন অতিষ্ঠ হয়ে উঠলেও শিগগিরই কোনো সুখবর মিলছে না। আগের দুইদিন থার্মোমিটারে পারদ কিছুটা নিচে নামলেও মঙ্গলবার থেকে ফের তাপমাত্রা বাড়ার আভাস রয়েছে। সেই সঙ্গে চলতি মাসের শেষ সপ্তাহে ঢালাওভাবে দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি কিংবা গরম কমারও কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়াবি তরিফুল নেওয়াজ কবির। মঙ্গলবার সংবাদ মাধ্যমকে তিনি বলেন, আজকে তাপমাত্রা বাড়বে সামনে সেই ধারাটা অব্যাহত থাকবে। এ মাসের মধ্যে ঢালাওভাবে বৃষ্টি বা গরম কমার কোনো সম্ভাবনা নেই। চলমান তাপ প্রবাহের মধ্যেই সোমবার আরও তিন দিনের সতর্কতা জারি করেছে আবহাওয়া অফিস। আবহাওয়ার সর্বশেষ বুলেটিনে বলা হয়েছে দেশের উপর দিয়ে চলমান মৃদু থেকে তীব্র ধরনের তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কাতারের আমির

দুদিনের রাষ্ট্রীয় সফরে মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কাতারের আমির। পরে সেখানেই মধ্যাহ্ন ভোজ সারেন তিনি। ঢাকা সফরকালে শেখ তামিমের নামে একটি উড়াল সেতু ও পার্কের নাম করা হবে বলে জানা গেছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## দুই দিনের সফর শেষে ঢাকা ছেড়েছেন কাতারের আমির

দুই দিনের ঢাকা সফর শেষে দেশের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। মঙ্গলবার বেলা পৌনে তিনটার দিকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে একটি বিশেষ ফ্লাইটে ঢাকা ত্যাগ করেন তিনি। বিমানবন্দরে কাতারের আমিরকে বিদায় জানান পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এবং বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নজরুল হামিদ বিপু। সোমবার বিকেলে দুই দিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায় আসেন কাতারের আমির। বিমানবন্দরে তাকে লাল গালিচা সংবর্ধনা দিয়ে স্বাগত জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## বান্দরবানের তিন উপজেলায় ভোট গ্রহণ স্থগিত করা হয়েছে : ইসি সচিব জাহাঙ্গীর আলম

নির্বাচন কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলম বলেছেন, যৌথ অভিযানের মধ্যে বান্দরবানের তিন উপজেলায় ভোটগ্রহণ স্থগিত করা হয়েছে। থানচি, রোয়াংছড়ি ও রুমা এই তিন উপজেলার ভোট স্থগিত করা হয়েছে। পরে সুবিধাজনক সময়ে এই তিন উপজেলার ভোট করা হবে বলে জানান ইসি সচিব। মঙ্গলবার নির্বাচন ভবনে ষষ্ঠ উপজেলা ভোট নিয়ে আন্ত মন্ত্রণালয়ের সভায় সিইসি কাজী হাবিবুল আউয়াল এর সভাপতিত্বে এই সিদ্ধান্ত হয়। সভা শেষে ইসি সচিব মো. জাহাঙ্গীর আলম জানান, সভায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সম্পৃক্ত ও প্রশাসন সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## হিট স্ট্রোকের ঝুঁকি কমাতে ৪ নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর

অসহ্য গরম আরও কয়েক দিন থাকবে। আগামী তিন দিন তীব্র তাপপ্রবাহ থাকবে জানিয়ে দেশে হিট অ্যালার্ট জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার এক বার্তায় বলা হয়েছে- দেশের ওপর দিয়ে চলমান তাপপ্রবাহ ৭২ ঘণ্টা থাকতে পারে। বাতাসে জলীয়বাষ্পের আধিক্যের কারণে জনজীবনে অস্বস্তি বাড়তে পারে। এই তীব্র গরমে হিট স্ট্রোকের ঝুঁকি কমাতে চার নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে- দেশে তীব্র তাপপ্রবাহ বিদ্যমান আছে। এ অবস্থায় সুস্থ থাকতে সতর্কতার কোনো বিকল্প নেই।

নির্দেশনাগুলো হলো-

১. তীব্র গরম থেকে দূরে থাকুন, মাঝে মাঝে ছায়ায় বিশ্রাম নিন।

২. প্রচুর পরিমাণে নিরাপদ পানি পান করুন। হেপাটাইটিস এ, ই, ডায়রিয়াসহ প্রাণঘাতী পানিবাহী রোগ থেকে বাঁচতে রাস্তায় তৈরি পানীয় ও খাবার এড়িয়ে চলুন। প্রয়োজনে একাধিকবার গোসল করুন।

৩. গরম আবহাওয়ায় ঢিলেঢালা পাতলা ও হালকা রঙের পোশাক পরুন, সম্ভব হলে গাঢ় রঙিন পোশাক এড়িয়ে চলুন।

৪. গরম আবহাওয়ায় যদি ঘাম বন্ধ হয়ে যায়, বমি বমি ভাব দেখা দেয়, তীব্র মাথাব্যথা হয়, শরীরের তাপমাত্রা বেড়ে যায়, প্রস্রাব কমে যায়, প্রস্রাবে জ্বালাপোড়া হয়, খিঁচুনি এবং অজ্ঞান হওয়ার মতো কোনো লক্ষণ দেখা দেয়, তাহলে অবিলম্বে হাসপাতালে যান এবং ডাক্তারের পরামর্শ নিন।

এর আগে গত ১৯ই এপ্রিল তীব্র তাপপ্রবাহের কারণে আবহাওয়া অধিদপ্তর থেকে প্রথমবার তিন দিনের হিট অ্যালার্ট জারি করা হয়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪ আসাদ)

## আইসিসির আম্পায়ারদের আন্তর্জাতিক প্যানেলে যুক্ত হয়েছেন বাংলাদেশের মোর্শেদ আলী

আইসিসির আম্পায়ারদের আন্তর্জাতিক প্যানেলে যুক্ত হয়েছেন বাংলাদেশের মোর্শেদ আলী খান। এ প্যানেলে বাংলাদেশের নতুন সদস্য হিসেবে তাঁর অন্তর্ভুক্তির বিষয়টি আজ নিশ্চিত করেছেন বিসিবির আম্পায়ারস কমিটির প্রধান ইফতেখার আহমেদ।

গত মাসে শরফুদ্দৌলা প্রথম বাংলাদেশি হিসেবে এলিট প্যানেলে ঢোকার পর থেকে আন্তর্জাতিক প্যানেলে বাংলাদেশের একজন আম্পায়ারের জায়গা ফাঁকা ছিল। বিসিবির মনোনীত হিসেবে মোর্শেদ ঢুকলেন সেখানেই। আন্তর্জাতিক প্যানেলে বাংলাদেশের আম্পায়ার হিসেবে আগে থেকেই আছেন গাজী সোহেল, তানভীর আহমেদ ও মাসুদুর রহমান।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৪.২০২৪)

# জাগো এফএম

## এমভি আবদুল্লাহতেই ফিরবেন ২৩ নাবিক

জিম্মিদশা থেকে মুক্ত বাংলাদেশি ২৩ নাবিকের সবাই এমভি আবদুল্লাহতে করেই দেশে ফিরবেন। শুরুতে নাবিকদের দু'জন বিমানে দেশে ফেরার ইচ্ছার কথা জানালেও দুবাই পৌঁছে তারাও নিজেদের মতো পরিবর্তন করেছেন। কয়লা খালাস শেষে নতুন পণ্য নিয়ে আগামী মে মাসের মাঝামাঝি এমভি আবদুল্লাহ দেশে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

মঙ্গলবার সন্ধ্যায় বিষয়টি জাগো নিউজকে জানিয়েছেন কেএসআরএম গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম। তিনি বলেন, শুরুতে নাবিকদের দু'জন দুবাই পৌঁছে বিমানে দেশে ফেরার ইচ্ছার কথা জানিয়েছিলেন। কিন্তু গতকাল দুবাই বন্দরে জেটিতে জাহাজ ভেড়ার পর ওই নাবিকরা অন্য সহকর্মীদের সঙ্গেই দেশে ফেরার কথা জানিয়েছেন। বর্তমানে জাহাজে থাকা ৫৫ হাজার মেট্রিক টন কার্গো খালাসের কাজ চলছে। এটি শেষ হতে পাঁচ থেকে সাতদিন লাগবে। এর পরে নতুন পণ্য লোড করে জাহাজটি চট্টগ্রাম বন্দরের জন্য রওয়ানা হবে। আগামী মাসের প্রথম বা দ্বিতীয় সপ্তাহে এমভি আবদুল্লাহকে নিয়ে দেশে পৌঁছাবেন ২৩ নাবিক। এর আগে এস আর শিপিং লিমিটেড জানিয়েছিল, এরই মধ্যে দুবাই থেকে চট্টগ্রামের কার্গো চূড়ান্ত হয়েছে। সবকিছু ঠিক থাকলে নাবিকদের ইচ্ছা অনুযায়ী দু'জন বিমানে ও বাকি ২১ নাবিক কার্গো নিয়ে জাহাজেই দেশে ফিরবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## দুর্বলে দুর্বলে মিলে সবল হওয়া যায় না

'ব্যাংকের সংখ্যার চেয়ে শাখার গুরুত্ব বেশি। বাংলাদেশে ব্যাংকগুলোর শাখা বাড়ানোর সুযোগ রয়েছে। একটি ব্যাংকের পাঁচটি শাখাও থাকতে পারে আবার আরেকটি ব্যাংকের ৫শ শাখাও থাকতে পারে। মূলত, শাখা দিয়ে ব্যাংক পরিস্থিতি মূল্যায়ন করতে হয়।' বলছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন আহমেদ। একাধিক ব্যাংকের একীভূত হওয়া না হওয়া নিয়ে যে আলোচনা হচ্ছে, সে প্রসঙ্গে জাগো নিউজের পক্ষ থেকে মতামত নেওয়া হয় এই বিশ্লেষকের। একটি ভুল ধারণা দেশের মধ্যে চালু আছে। অনেকেই বলেন, দেশের মধ্যে ব্যাংকের সংখ্যা বেশি। একাধিক ব্যাংক একীভূত হলেই ব্যাংকের সংখ্যা কমে যাবে। এটি একটি ভ্রান্ত ধারণা।

ড. ফরাসউদ্দিন আহমেদ, 'ব্যাংক বা যে-কোনো কোম্পানি একীভূত হওয়া নতুন কিছু নয়। দেশে দেশে একাধিক ব্যাংক বা কোম্পানি একীভূত হয়ে আসছে। আমাদের দেশেও কানাডার একটি ব্যাংক কিনে নিয়েছিল ব্যাংক এশিয়া। তার মানে আমাদের এখানেও এরকম নজির আছে। তবে এখানে প্রশ্ন আছে। বাংলাদেশে যেভাবে একীভূত করার আলোচনা এখন উঠেছে, তা যথার্থ কি না? সাধারণত দুটি পক্ষ আলোচনা করে তাদের মধ্যে সমঝোতা হলেই একত্রিত হতে পারে। এটি একটি ধরন। আরেকটি ধরন হলো একটি দুর্বল কোম্পানি বা ব্যাংককে আরেকটি সবল প্রতিষ্ঠান কিনে নেয়।' 'এখানে বাংলাদেশ ব্যাংকের নির্দেশে হচ্ছে নাকি দুটি ব্যাংকের মধ্যকার সমঝোতার মাধ্যমে হচ্ছে, তা বুঝতে পারছি না। সমঝোতা হলে তো কোনো কোনো ব্যাংক আপত্তি করার কথা নয়। কারণ বেসিক ব্যাংক সম্ভবত আপত্তি জানিয়েছে সিটি ব্যাংকের সঙ্গে একীভূত হওয়ার ক্ষেত্রে। এই আপত্তি উঠলে তো তাহলে ভালো কথা হলো না। আবার শুনছি, কেন্দ্রীয় ব্যাংক নাকি বলছে, সোনালী ব্যাংক এবং বিডিবিএলের পর অন্যরা ধীরে ধীরে একীভূত হতে পারে আবার নাও হতে পারে। এই তর্ক বাজারে চালু আছে।' একীভূত হওয়ার মধ্য দিয়ে আসলে ব্যাংকের সংকট সামনে আসেনি। এটি কেন্দ্রীয় ব্যাংক করতেই পারে। প্রশ্ন হচ্ছে দুর্বলে দুর্বলে মিলে সবল হওয়া যায় না। সিটি ব্যাংকের বিরুদ্ধে বহু অভিযোগ ছিল। বেসিক ব্যাংকের বিরুদ্ধেও অভিযোগ আছে। এমন অভিযোগ নিয়ে একত্রিত হলে সমাধান মিলবে, তা বলা যাবে না।

তাহলে কেন্দ্রীয় ব্যাংক এমন নির্দেশনা দিয়ে কী অর্জন করতে চাইছে? এই বিশ্লেষক বলেন, 'একটি ভুল ধারণা দেশের মধ্যে চালু আছে। অনেকেই বলেন দেশের মধ্যে ব্যাংকের সংখ্যা বেশি। একাধিক ব্যাংক একীভূত হলেই ব্যাংকের সংখ্যা কমে যাবে। এটি একটি ভ্রান্ত ধারণা। আমি একদম পরিষ্কার করে বলতে চাই, ব্যাংকের সংখ্যার চেয়ে ব্যাংকের শাখা অনেক গুরুত্বপূর্ণ। একটি ব্যাংকের পাঁচটি শাখাও থাকতে পারে আবার আরেকটি ব্যাংকের ৫শ শাখাও থাকতে পারে। মূলত, শাখা দিয়ে ব্যাংক পরিস্থিতি মূল্যায়ন করতে হয়।' 'আমাদের দেশের একটি ব্যাংকের শাখা গড়ে ১৫ হাজার মানুষকে সেবা দেয়। আর ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কায় একটি ব্যাংকের শাখা ১২ হাজার মানুষকে ব্যাংকিং সেবা দেয়। তার মানে ব্যাংকের শাখা আরও বাড়ানোর সুযোগ আছে। একীভূত হলেই ব্যাংকের শাখা কমে যাবে তা নয়।'

প্রশ্ন হচ্ছে একীভূত না করেও দুর্বল ব্যাংককে সবল করার কোনো সুযোগ আছে কি না? অনেকগুলো দুর্বল ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধায়নে নিয়ে সবল করা হয়েছে। যেমন রূপালী ব্যাংক, সিটি ব্যাংক। সেভাবেও সুযোগ ছিল সবল করার।' 'একীভূত হওয়ার মধ্য দিয়ে আসলে ব্যাংকের সংকট সামনে আসেনি। এটি কেন্দ্রীয় ব্যাংক করতেই পারে। প্রশ্ন হচ্ছে দুর্বলে দুর্বলে মিলে সবল হওয়া যায় না। সিটি ব্যাংকের বিরুদ্ধে বহু অভিযোগ ছিল। বেসিক ব্যাংকের বিরুদ্ধেও অভিযোগ আছে। এমন অভিযোগ নিয়ে একত্রিত হলে সমাধান মিলবে, তা বলা যাবে না। সংকট কোথায় তা খুঁজে সমাধানের পথ বের করতে হবে। আর ব্যাংকগুলোর সংকটের কথা কম-বেশি সবারই জানা।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## রেলের ভাড়া বাড়ানো হয়নি, ভর্তুকি প্রত্যাহার করা হয়েছে: রেলমন্ত্রী

রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম বলেছেন, ইদের আগে রেলের ভর্তুকি প্রত্যাহার করা হবে না বলে কথা দিয়েছিলাম, সেটা রেখেছি। ইদের পর ভর্তুকি প্রত্যাহার করেছি। আগামী ৪ মে থেকে তা কার্যকর হবে। মূলকথা, রেলের ভাড়া বাড়ানো হয়নি, ভর্তুকি প্রত্যাহার করা হয়েছে। তিনি বলেন, দূরত্ব হিসাব করে ১০০ কিলোমিটারের মধ্যে কোনো ভাড়া বাড়বে না। ১৫-২০ বছরের মধ্যে রেলের ভাড়া বাড়েনি, বাড়ানোর চেষ্টাও করা হচ্ছে না। তবে ভাড়া বাড়ানো উচিত। কিন্তু প্রধানমন্ত্রী বলেছেন, এ মুহূর্তে জনগণের ওপর চাপ দেওয়া যাবে না। তবে ভর্তুকি প্রত্যাহারের জন্য সামান্য বাড়বে। এটা সবাইকে মেনে নিতে হবে। মঙ্গলবার (২৩শে এপ্রিল) বিকেলে রাজবাড়ী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির

আয়োজনে বীর মুক্তিযোদ্ধা শহিদ খুশি রেলওয়ে ময়দানে শিল্প ও বাণিজ্য মেলার উদ্‌বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন রেলমন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ নারগীস)

## কাতারের সঙ্গে বাংলাদেশের ৫ চুক্তি ও ৫ সমঝোতা স্মারক সই

কাতারের সঙ্গে বাংলাদেশের পাঁচটি চুক্তি ও পাঁচটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার বেলা ১১টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিমুল হলে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক শেষে এসব চুক্তি ও সমঝোতা স্মারক সই হয়। কাতারের তরফে দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী এবং বাংলাদেশের পক্ষে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ প্রতিনিধিরা এসব চুক্তি ও সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে বসেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি। মঙ্গলবার, ২৩শে এপ্রিল সকাল সোয়া ১০টায় শিমুল হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে বসেন তিনি। সকাল ১০টার পর প্রধানমন্ত্রীর কার্যালয়ে আসেন কাতারের আমির। সে সময় তাকে ফুল দিয়ে স্বাগত জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ আমন্ত্রণে সোমবার দুই দিনের সরকারি সফরে ঢাকায় আসেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি। সোমবার বিকেল ৫টায় বিমানবন্দরে কাতারের আমিরকে স্বাগত জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। বিমানবন্দরে অনুষ্ঠান শেষে কাতারের আমির তার সফরসঙ্গীদের নিয়ে রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে অবস্থান করেন। মঙ্গলবার সকালে কাতারের আমিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। পরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আসেন কাতারের আমির। সূচি অনুযায়ী দুপুরে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বঙ্গভবনের দরবার হলে কাতারের আমিরের সম্মানে মধ্যাহ্ন ভোজের আয়োজন করবেন। সন্ধ্যায় বিশেষ বিমানে করে কাতারের উদ্দেশ্যে যাত্রা করার কথা রয়েছে তার। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী তাকে বিমানবন্দরে বিদায় জানাবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## কাতারকে দীর্ঘমেয়াদি জ্বালানি সহায়তা দেওয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি

কাতারের কাছে দীর্ঘমেয়াদি জ্বালানি সহায়তা চেয়েছে বাংলাদেশ। মঙ্গলবার দুপুরে বঙ্গভবনে ঢাকায় সফররত কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি সৌজন্য সাক্ষাৎ করতে গেলে এ সহায়তা চান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এসময় তিনি বাংলাদেশকে তরল প্রাকৃতিক গ্যাস, এলএনজি দেওয়ার জন্য কাতার সরকারকে ধন্যবাদ জানান। একই সঙ্গে কাতারকে দীর্ঘমেয়াদি জ্বালানি সহায়তা দেওয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি। বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান, 'রাষ্ট্রপতি বৈঠকে বলেছেন, আমিরের সফর এবং দুই দেশের মধ্যে সম্পাদিত ১০টি চুক্তি ও সমঝোতা স্মারক, এমওইউ আগামী দিনে দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরো সম্প্রসারিত করবে।' রাষ্ট্রপ্রধান বলেন, 'বাংলাদেশ সরকার বিদেশি বিনিয়োগের জন্য ১০০ অর্থনৈতিক বিশেষ অঞ্চল স্থাপন করেছে। কাতারের বিনিয়োগকারীরা পেট্রো-কেমিকেল, জ্বালানি, মেশিনারিজ, তথ্যপ্রযুক্তি, ইলেকট্রনিক্স, সিরামিক, কৃষি-ব্যবসা, খাদ্য প্রক্রিয়াকরণের মতো কিছু ক্ষেত্রে প্রণোদনা পেতে এবং সহায়তা করতে পারে।' রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন প্রায় ৩ দশমিক ৭৫ লাখ বাংলাদেশিকে কর্মসংস্থানের সুযোগ দেওয়ার জন্য কাতার সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, 'এই জনবল কাতার এবং বাংলাদেশ উভয় দেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রতিনিয়তই অবদান রাখছেন।' কাতারের আমিরকে আরো তরুণ, দক্ষ ও আধা দক্ষ জনশক্তি, আইটি বিশেষজ্ঞ, পেশাদার প্রযুক্তিবিদ নিয়োগের আহ্বান জানান রাষ্ট্রপতি। তিনি বলেন, 'বাণিজ্য ও ব্যবসায়িক সম্ভাবনাকে কাজে লাগাতে উভয়পক্ষকে আরো বেশি কার্যকর ভূমিকা রাখতে হবে।' রাষ্ট্রপতি চলমান ইসরায়েল ও হামাসের মধ্যে আলোচনার সুবিধার্থে কাতারের প্রচেষ্টার প্রশংসা করেন। এদিকে কাতারের আমির প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করেন। তিনি আশ্বাস দেন যে, সামনের দিনে বাংলাদেশের জন্য প্রয়োজনীয় সব ধরনের সহায়তা অব্যাহত থাকবে। কাতারের আমির বলেন, 'বাংলাদেশ-কাতারের সই করা বিভিন্ন চুক্তি ও সমঝোতা স্মারক দুইদেশের মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক উন্নয়নে আরো কার্যকরী ভূমিকা রাখবে।' সাক্ষাতকালে উভয় নেতা তাদের মধ্যে কুশল বিনিময় করেন এবং আনন্দ প্রকাশ করেন যে, এই সফর বাংলাদেশ ও কাতারের মধ্যে বহুমুখী অংশীদারিত্বকে আরো জোরদার করার উপায় নির্ধারণ করবে। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু, পররাষ্ট্র সচিব এবং বঙ্গভবনের সংশ্লিষ্ট সচিবরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## পদে থেকেই ইউপি চেয়ারম্যানরা উপজেলা নির্বাচন করতে পারবেন : হাইকোর্ট

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা পদত্যাগ না করেই উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন বলে আদেশ দিয়েছেন হাইকোর্ট। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা আবেদনের ওপর শুনানি নিয়ে মঙ্গলবার, ২৩শে এপ্রিল হাইকোর্টের বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি মোঃ বজলুর রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আজ রিটের পক্ষে শুনানি করেন ড. শাহদীন মালিক। তিনি সাংবাদিকদের এই তথ্য নিশ্চিত করেন। কুষ্টিয়া ও সিলেটের দুটি উপজেলা নির্বাচনের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দায়ের করা রিটের পরিপ্রেক্ষিতে শুনানি নিয়ে এই আদেশ দেন আদালত। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## বান্দরবানের তিন উপজেলায় নির্বাচন স্থগিত : ইসি সচিব

যৌথ অভিযানের কারণে বান্দরবানের তিন উপজেলায় নির্বাচন স্থগিত করেছে নির্বাচন কমিশন, ইসি। মঙ্গলবার, ২৩শে এপ্রিল সকালে আন্তঃমন্ত্রণালয়ের সভা শেষে সাংবাদিকদের এ কথা জানান ইসি সচিব মোঃ জাহাংগীর আলম। ইসি সচিব বলেন, 'বর্তমানে বান্দরবানের থানচি, রুমা ও রোয়াংছড়ি উপজেলায় আইনশৃঙ্খলা বাহিনী দায়িত্ব পালন করছে। এজন্য এ তিন উপজেলার নির্বাচন স্থগিত করা হয়েছে। পরে সুবিধাজনক সময়ে এসব উপজেলায় ভোট অনুষ্ঠিত হবে।' মঙ্গলবার নির্বাচন ভবনে ষষ্ঠ উপজেলা ভোট নিয়ে আন্তঃমন্ত্রণালয় সভায় সিইসি কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে এক সভায় এ সিদ্ধান্ত হয়। চার নির্বাচন কমিশনার, জননিরাপত্তা বিভাগ, জনপ্রশাসন, পুলিশ, বিজিবি, র‍্যাবসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার শীর্ষ কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন। বেলা ১১টা থেকে তিন ঘণ্টাব্যাপী নির্বাচন ভবনে সংশ্লিষ্ট সচিবদের নিয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে ইসি সচিব মোঃ জাহাংগীর আলম জানান, 'সভায় আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে সম্পৃক্ত ও প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়।' তিনি জানান, 'উল্লেখযোগ্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে, এবার উপজেলা নির্বাচনে অন্য স্থানীয় সরকার নির্বাচনের চেয়ে বেশি সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য নিয়োজিত করা হবে। চার ধাপে ভোট হওয়ায় জেলা পর্যায়ে সংশ্লিষ্টদের চাহিদা অনুযায়ী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হবে। পার্বত্য জেলা বান্দরবানে বিশেষ করে রুমা, থানচি ও রোয়াংছড়িতে যৌথ বাহিনীর অভিযযান চলমান রয়েছে। আপাতত এ তিনটি উপজেলার নির্বাচন স্থগিত করা হয়েছে। পরবর্তীতে সুবিধাজনক সময়ে এ নির্বাচন করা হবে।' অপরাশেন চলমান থাকায় গোয়েন্দা সংস্থাগুলোর সুপারিশের ভিত্তিতে এ তিনটি উপজেলার নির্বাচন পরবর্তীতে করবে বলে সিদ্ধান্ত নিয়েছে বলে জানান ইসি সচিব জাহাংগীর আলম। আগামী ৮ই মে রোয়াংছড়ি ও থানচিতে ভোট হওয়ার কথা রয়েছে। রুমার ভোট হওয়ার কথা রয়েছে ২১শে মে। এবার প্রথম ধাপে ১৫০ ও দ্বিতীয় ধাপে ১৬০ উপজেলার ভোট হওয়ার কথা রয়েছে। তৃতীয় ধাপে ১১২টির ভোট ২৯শে মে এবং চতুর্থ ধাপের ভোট হবে ৫ই জুন। ২রা এপ্রিল রুমা উপজেলার সোনালী ব্যাংকে ডাকাতি করে অর্থ লুট করে একদল সশস্ত্র লোক। পুলিশের ১০টি এবং আনসার সদস্যের চারটি অস্ত্রও লুট করে নিয়ে যায় তারা। অপহরণ করা হয় ব্যাংকটির ব্যবস্থাপক নেজাম উদ্দিনকে। দুইদিন পর রুমার একটা পাহাড়ি এলাকা থেকে ছাড়া পান তিনি। রুমার ঘটনার একদিন পর ৩রা এপ্রিল থানচি উপজেলার সোনালী ও কৃষি ব্যাংকেও দিন-দুপুরে অর্থ লুটের ঘটনা ঘটে। দুটি ঘটনায় পাহাড়ে সশস্ত্র সংগঠন কুকি চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ জড়িত বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। এরপর থেকে লুট হওয়া অস্ত্র-অর্থ উদ্ধার, সন্ত্রাসীদের বিরুদ্ধে রুমা ও থানচিতে অভিযান চালাচ্ছে যৌথ বাহিনী। অভিযানে অংশ নিয়েছে সেনাবাহিনী, বিজিবি, র‍্যাব ও পুলিশ সদস্যের যৌথ বাহিনী। যৌথ বাহিনীর এ অভিযান সমন্বয় করছে সেনাবাহিনী। যৌথ বাহিনীর এই অভিযানে বিভিন্ন এলাকা থেকে এখন পর্যন্ত ২১ নারীসহ ৭১ জনকে গ্রেফতারের খবর জানিয়েছে পুলিশ। বান্দরবানের রুমায় যৌথ বাহিনীর অভিযানে সোমবার পাহাড়ের সশস্ত্র সংগঠন কেএনএফের এক সদস্যের নিহতের খবর জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর, আইএসপিআর।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## পুলিশ শুধু আইনশৃঙ্খলায় নয়, মানবিকতায়ও নজির স্থাপন করেছে : ডিএমপি কমিশনার

ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিএমপি কমিশনার হাবিবুর রহমান বলেছেন, 'বাংলাদেশ পুলিশ শুধু আইনশৃঙ্খলা রক্ষায় নয় বরং মানবিকতায়ও অনন্য নজির স্থাপন করেছে। চলমান তাপপ্রবাহে ডিএমপির পক্ষ থেকে ৫০টি থানা এলাকার বিভিন্ন স্থান যেমন, বাজার, বাস স্টপেজ ও মার্কেটসহ বিভিন্ন জায়গায় নিরাপদ খাবার পানির ব্যবস্থা করা হয়েছে। যাতে শ্রমজীবী, রিকশাচালক, নিম্ন আয়ের মানুষরা নিরাপদ খাবার পানি পান করতে পারেন।' মঙ্গলবার, ২৩শে এপ্রিল ডিএমপির মিডিয়া সেন্টারে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। ডিএমপি কমিশনার হাবিবুর রহমান বলেন, 'গত কয়েকদিন ধরেই সারা দেশে প্রচণ্ড তাপপ্রবাহ চলছে। ট্রাফিক পুলিশের সদস্যরা সব সময় রাস্তায় থেকে কাজ করেন। রাস্তার ট্রাফিক শৃঙ্খলা নিয়ন্ত্রণের জন্য প্রচন্ড রোদ, বৃষ্টি উপেক্ষা করে তাদের কাজ করতে হয়। এমনকি তারা বিশ্রামের সুযোগও পান না। চলমান দাবদাহের সময় তাদের জন্য কিছু জায়গায় স্থায়ীভাবে পানির ট্রলি দেওয়া হয়েছে। আর বেশ কয়েকটি জায়গায় ভ্রাম্যমান কার্যক্রম চালানো হচ্ছে। মেট্রোপালিটন এরিয়ায় যারা রয়েছে তাদের সেবা দেওয়ার জন্য এই প্রচেষ্টা।' তিনি বলেন, 'ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিএমপি এবং পুলিশ হেডকোয়ার্টার্সের পক্ষ থেকে ট্রাফিক পুলিশদের খাবার পানি, স্যালাইন, গ্লুকোজ, লেবুর শরবত দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।' ডিএমপি কমিশনার আরো বলেন, 'পুলিশ শুধুমাত্র আইনশৃঙ্খলা রক্ষার কাজে জড়িত থাকে না বরং মানবিক কার্যক্রমে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। করোনাকালীন সময়ে সাধারণ মানুষের পাশে থেকে মানবসেবায় বাংলাদেশ পুলিশ সারা বিশ্বে একটি অন্যন্য নজির স্থাপন করেছে। সেই ধারাবাহিকতা এখনো বজায় রয়েছে। আজকেও শ্রমজীবী মানুষের জন্য ঢাকার বিভিন্ন জায়গায় পানি বিতরণ করা হচ্ছে। পুলিশের এই কার্যক্রম সাধারণ মানুষের পাশে দাঁড়ানোর প্রচেষ্টার একটি অংশ।' চলমান তাপপ্রবাহে সড়কে দায়িত্বপালন করা ট্রাফিক পুলিশ সদস্যদের ইউনিফর্ম পরিবর্তন করার কোনো চিন্তা রয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, 'এখন পর্যন্ত এমন কোনো চিন্তা নেই। আমাদের যে পোশাক রয়েছে তার বাইরে গিয়ে বিকল্প পোশাক পরিধানের সুযোগ নেই। তবে কালো যে ছাতাটি রয়েছে সেটির বদলে সাদা ছাতা দেওয়া হবে। যেন গরম কম লাগে।' একইসঙ্গে রোদে বা তাপপ্রবাহে কোনো পুলিশ সদস্য অসুস্থ হয়ে গেলে সেবা দেওয়ার জন্য

পুলিশ হাসপাতাল সার্বক্ষণিক প্রস্তুত রাখা হয়েছে বলেও জানান তিনি। এসময় ডিএমপির মিডিয়া ও পাবলিক রিলেশন বিভাগের উপ-পুলিশ কমিশনার মোঃ ফারুক হোসেন ও অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার কে এন রায় নিয়তি এবং অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## গরম থেকে বাঁচতে বৃষ্টির জন্য ঢাকায় বিশেষ নামাজ

তীব্র তাপদাহ ও ভ্যাপসা গরম অতিষ্ঠ জনজীবন। এ অবস্থায় গরম থাকে বাঁচাতে বৃষ্টির জন্য রাজধানীর বিভিন্ন এলাকায় বিশেষ নামাজ বা ইস্তিস্কার নামাজ আদায় করা হয়েছে। মঙ্গলবার, ২৩শে এপ্রিল সকাল সাড়ে ১০টার দিকে রাজধানীর পূর্ব রামপুরার সালামবাগ জামে মসজিদ ও জামিয়া আনওয়ারুল উলূম মাদরাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত এ বিশেষ নামাজে অংশ নেন এলাকার মুসল্লিরা। ইস্তিস্কার নামাজ আদায় করে গরম থেকে রক্ষা পেতে বৃষ্টি চেয়ে মোনাজাত করা হয়। আল্লাহর কাছে চাওয়া হয় পানাহ। প্রায় একই সময়ে রাজধানীর আফতাবনগরে আস-সুন্নাহ ফাউন্ডেশনের আয়োজনে বিশেষ ইস্তিস্কার নামাজ আদায় করা হয়। শায়খ আহমাদুল্লাহ হুজুরের ইমামতিতে এ নামাজ আদায় করা হয়। এ সময় নিজেদের গুনাহর প্রতি ক্ষমা চেয়ে আল্লাহর কাছে মাফ ও বৃষ্টি দেওয়ার জন্য দোয়া করা হয়।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## অতিরিক্ত গরমে অসুস্থ হয়ে ঢাকায় পথচারীর মৃত্যু

রাজধানীর গুলিস্তান টোল প্লাজার পাশের রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় হঠাৎ অসুস্থ হয়ে রাস্তায় পড়ে যান আলমগীর শিকদার, ৫৬ নামের এক পথচারী। পরে তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেলে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। মঙ্গলবার, ২৩শে এপ্রিল সকাল ১০টার দিকে এ ঘটনা ঘটে। আলমগীরকে হাসপাতালে নিয়ে আসা পথচারী মোঃ আনোয়ার হোসেন জানিয়েছেন,'গুলিস্তান টোল প্লাজার পাশ দিয়ে হেঁটে যাওয়ার সময় হঠাৎ অসুস্থ হয়ে রাস্তায় পড়ে যান আলমগীর। পরে তাকে উদ্ধার করে দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।' আলমগীরের ভাই মোঃ রবিউল আলম শিকদার জানান, 'খবর পেয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এসে তার ভাইকে দেখেন তারা।' তিনি বলেন, 'অতিরিক্ত গরমের কারণে অসুস্থ হয়ে মৃত্যু হয়েছে আলমগীরের। যাত্রাবাড়ীর কাজলা এলাকায় একটি প্রেসে চাকরি করতেন আলমগীর।' তিনি আরো জানান, 'তাদের বাড়ি যাত্রাবাড়ীর কাজলা পশ্চিম শিবির নয়ানগর এলাকায়। বাবার নাম জমির শিকদার। তার তিন ছেলে ও এক মেয়ে রয়েছে।' ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ বাচ্চু মিয়া মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, 'মরদেহ মর্গে রাখা হয়েছে। মৃত্যুর সঠিক কারণ ময়নাতদন্তের পর জানা যাবে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় দ্বিতীয় দিনের মতো সড়ক অবরোধ চুয়েটে শিক্ষার্থীদের

চট্টগ্রাম-কাপ্তাই সড়কে বাস-মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চুয়েটের দুই শিক্ষার্থীর নিহতের ঘটনায় দ্বিতীয় দিনের মতো সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে সাধারণ শিক্ষার্থীরা। মঙ্গলবার, ২৩শে এপ্রিল সকাল ১০টার দিকে চুয়েট ক্যাম্পাসের সামনে গাছ ফেলে চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়ক অবরোধ করে তারা। এতে ওই সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। এসময় টায়ার পুড়িয়ে বিক্ষোভ করে আন্দোলনরত শিক্ষার্থীরা। বিক্ষোভ চলাকালে শিক্ষার্থীরা সাত দফা দাবি তুলে ধরে। এসব দাবি পূরণ না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণাও দেয়। শিক্ষার্থীদের দাবিসমূহ হলো, বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে মামলার মাধ্যমে তৌফিক ও শান্ত হত্যার বিচার, ক্ষতিপূরণ ও শাহ আমানত বাস কর্তৃপক্ষকে আহত চুয়েট ছাত্র হিমুর সব চিকিৎসার দায়িত্ব নিতে হবে, চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কে শাহ আমানত ও এবি ট্র্যাভেলসসহ সব লোকাল বাস চলাচল বন্ধ করতে হবে, চুয়েটে বাস পর্যাপ্ততা নিশ্চিত করতে হবে এবং আধুনিক যন্ত্রপাতিসহ অক্সিজেন সিলিন্ডারসহ চুয়েট অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করতে হবে, চুয়েট মেডিকেল সেন্টারের সক্ষমতা বৃদ্ধি করতে হবে।এ সব দাবি লিখিতভাবে আদায় না হওয়া পর্যন্ত সব প্রকার শিক্ষা কার্যক্রম বন্ধ থাকবে এবং আন্দোলন চলবে বলে জানায় শিক্ষার্থীরা। আন্দোলনের পাশাপাশি দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় মাঠে নিহত শিক্ষার্থীর গায়েবানা জানাজা অনুষ্ঠিত হয়। বিকেল ৩টায় শোকসভা ও দোয়া মাহফিলে অংশ নেবে আন্দোলনরত শিক্ষার্থীরা। সোমবার, ২২শে এপ্রিল বিকেল ৩টার দিকে দিকে চট্টগ্রাম-কাপ্তাই সড়কের সেলিমা কাদের কলেজ গেট এলাকায় বাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলে শান্ত সাহা ও তৌফিক হোসেন নামে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চুয়েটের দুই ছাত্র নিহত হন। ঘটনার পর থেকেই চুয়েট ক্যাম্পাস এলাকার সামনের সড়ক অবরোধ করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ সময় শাহ আমানত লাইনের ৪টি বাস আটকে রাখে তারা। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করার চেষ্টা চালায়। রাত ৯টার দিকে একটি বাসে আগুন ধরিয়ে দেয় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## শ্যামবাজার ঘাটে এমভি বাঙালিতে লাগা আগুন নিয়ন্ত্রণে

রাজধানীর শ্যামবাজার ঘাটে এমভি বাঙালি লঞ্চের তিন তলায় লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। প্রায় ৫০ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এনেছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের পাঁচটি ইউনিট। মঙ্গলবার, ২৩শে এপ্রিল দুপুর পৌনে ২টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে বলে জাগো নিউজকে জানিয়েছেন ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের কর্মকর্তা তালহা বিন

জসিম। এর আগে দুপুর ১২টা ৫৫ মিনিটে এমভি বাঙালি লঞ্চের তিন তলায় আগুন লাগে। তালহা বিন জসিম বলেন, 'রাজধানীর শ্যামবাজার ঘাটে এমভি বাঙালি লঞ্চের তিন তলায় লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। সদরঘাট নদীর ফায়ার স্টেশনের দুইটি ইউনিট ও পোস্তগোলা ফায়ার স্টেশনের দুইটি ইউনিটসহ মোট পাঁচটি ইউনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে।' প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও হতাহতের কোনো খবর জানাতে পারেনি ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## দাম কমলো সোনার

দেশের বাজারে সোনার দাম কিছুটা কমানো হয়েছে। সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনা দাম তিন হাজার ১৩৮ টাকা কমিয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের এক ভরি সোনার দাম হয়েছে এক লাখ ১৬ হাজার ২৯০ টাকা । স্থানীয় বাজারে তেজাবি সোনার দাম কমার পরিপ্রেক্ষিতে এই দাম কমানো হয়েছে। মঙ্গলবার, ২৩শে এপ্রিল বিকেল ৪টা থেকে এই দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি, বাজুস। এর আগে গত ২১শে এপ্রিল ঘোষণা দিয়ে ওই দিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম এক লাখ ১৯ হাজার ৪২৮ টাকা নির্ধারণ করা হয়। এই দাম নির্ধারণের দুইদিনের মাথায় এখন সোনার দাম কমলো হলো। মঙ্গলবার বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীতে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, স্থানীয় বাজারে তেজাবি সোনার দাম কমেছে। তাই সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ জুয়েলারি অ্যাসোসিয়েশন সোনার নতুন দাম নির্ধারণ করেছে, যা মঙ্গলবার বিকেল ৪টা থেকে কার্যকর হবে। নতুন মূল্য অনুযায়ী, সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম তিন হাজার ১৩৮ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে এক লাখ ১৬ হাজার ২৯০ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার দাম তিন হাজার ৯ টাকা কমিয়ে এক লাখ ১০ হাজার ৯৯৫ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার দাম দুই হাজার ৫৬৬ টাকা কমিয়ে ৯৫ হাজার ১৪৩ টাকা নির্ধারণ করা হয়েছে। আর সনাতন পদ্ধতির এক ভরি সোনার দাম দুই হাজার ৭৬ টাকা কমিয়ে ৭৬ হাজার ৫৮৬ টাকা নির্ধারণ করা হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## তাপপ্রবাহের কারণে সিটি কর্পোরেশন ও পৌরসভায় গাছ লাগানোর নির্দেশনা

জলবায়ু পরিবর্তনের প্রভাবে তীব্র গরম রোধ ও পরিবেশ সুরক্ষায় সারাদেশে গাছ লাগানোর নির্দেশনা দিয়েছে স্থানীয় সরকার বিভাগ। বিশেষ করে সব সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় গাছ লাগাতে বলা হয়েছে। এ নির্দেশনা দিয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে দেশের সব সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং পৌরসভার মেয়রের কাছে চিঠি পাঠানো হয়। এতে বলা হয়, পরিবেশ সংরক্ষণ ও জলবায়ুর পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় দেশের সর্বত্র বিশেষ করে নগর এলাকায় উপযুক্ত স্থানে পর্যাপ্ত বৃক্ষরোপণ এবং তা পরিচর্যা ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। গত কিছুদিন ধরে দেশের বেশির ভাগ অংশ জুড়ে তাপপ্রবাহ বইছে। কোথাও কোথাও অতি তীব্র আকার ধারণ করেছে তাপপ্রবাহ। গত শনিবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছিল যশোরে। ওইদিন ঢাকায়ও দিনের তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পার হয়। প্রচণ্ড গরমে জনজীবন দুর্বিষহ হয়ে ওঠে। চরম ভোগান্তিতে পড়ে মানুষ। গত দুইদিন সামান্য কমার পর মঙ্গলবার থেকে ফের বাড়ছে তাপমাত্রা। আগামী কয়েকদিন তাপমাত্রা বাড়ার ধারা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## চতুর্থ ধাপে ৫৫ উপজেলায় ভোট ৫ই জুন

আসন্ন ষষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচনে চতুর্থ ধাপের তফসিল ঘোষণা হয়েছে। এই ধাপে ৫৫ উপজেলায় ভোট ৫ই জুন হবে। নির্বাচন কমিশনের ৩২তম সভা শেষে এই ঘোষণা দেওয়া হয়। মঙ্গলবার, ২৩শে এপ্রিল প্রধান নির্বাচন কমিশনার, সিইসি কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে ঢাকার আগারগাঁওয়ের নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে বিকেল সাড়ে ৩টায় সভাটি হয়। সভা শেষে ইসি সচিব মোঃ জাহাংগীর আলম সাংবাদিকদের এ তথ্য জানান। এর আগে উপজেলা নির্বাচনের প্রথম ও দ্বিতীয় ধাপের তফসিল ঘোষণা করে ইসি। ৮ই মে প্রথম ধাপে ১৫০টি উপজেলায় ভোট অনুষ্ঠিত হবে। আর দ্বিতীয় ধাপের ১৬০ উপজেলার ভোট গ্রহণ হবে ২১শে মে। আর তৃতীয় ধাপের ১১২টি উপজেলার নির্বাচন ২৯শে মে হবে। এবারের উপজেলা নির্বাচনে বাধ্যতামূলকভাবে অনলাইনে মনোনয়নপত্র জমা দেওয়ার বিধান রেখে নতুন বিধিমালা করেছে ইসি। সেই অনুযায়ী প্রথম ধাপের মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ ছিল মঙ্গলবার। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## ৭ চেয়ারম্যান ও ৯ ভাইস চেয়ারম্যান বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

প্রথম ধাপের উপজেলা নির্বাচনে সাতজন চেয়ারম্যান, ৯ জন ভাইস চেয়ারম্যান, ১০ জন নারী ভাইস চেয়ারম্যান পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। মঙ্গলবার, ২৩শে এপ্রিল ইসি থেকে এ তথ্য জানা গেছে। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন, ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলার ভাইস চেয়ারম্যান ও নারী ভাইস চেয়ারম্যান, দিনাজপুরের হাকিমপুর উপজেলার নারী ভাইস চেয়ারম্যান, গাইবান্ধার সাঘাটা উপজেলা চেয়ারম্যান, পাবনার বেড়া উপজেলা নারী

ভাইস চেয়ারম্যান, নাটোরের সিংড়া উপজেলা চেয়ারম্যান, কুষ্টিয়া সদরের নারী ভাইস চেয়ারম্যান, মৌলভীবাজারের বড়লেখা উপজেলার নারী ভাইস চেয়ারম্যান, চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলার ভাইস চেয়ারম্যান, কক্সবাজার সদর উপজেলা ভাইস চেয়ারম্যান, বান্দরবানের রোয়াংছড়ি উপজেলা চেয়ারম্যান ও রাঙ্গামাটির কাউখালী উপজেলা ভাইস চেয়ারম্যান বিনাভোটে নির্বাচিত হয়েছেন। এছাড়া বাগেরহাট সদর উপজেলার তিনটি পদ, মুন্সিগঞ্জ সদর উপজেলার তিনটি পদ, মাদারীপুরের শিবচর উপজেলার তিনটি পদ ও ফেনীর পরশুরাম উপজেলার তিনটি পদের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## দুইদিনের সফর শেষে ঢাকা ছাড়লেন কাতারের আমির

দুইদিনের সফর শেষে ঢাকা ছাড়লেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। মঙ্গলবার, ২৩শে এপ্রিল বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে বিকেল সোয়া ৩টার দিকে ঢাকা ছাড়েন তিনি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিনি নেপালের উদ্দেশ্য রওয়ানা হন। বিমানবন্দরে তাকে বিদায় জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এবং বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ। এর আগে দুপুর সাড়ে ১২টার দিকে বঙ্গভবনে পৌঁছালে কাতারের আমিরকে ফুলেল অভ্যর্থনা জানান রাষ্ট্রপতি। এরপর বৈঠকে বসেন রাষ্ট্রপতি ও কাতারের আমির।এ সময় বাংলাদেশ থেকে আরো দক্ষ ও আধাদক্ষ কর্মী নিতে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানিকে আহ্বান জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। বৈঠকে বিশেষ অর্থনৈতিক অঞ্চলে জ্বালানি, তথ্যপ্রযুক্তি, খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পেও কাতার বিনিয়োগ সুবিধা নিতে পারে বলে আমিরকে অবহিত করেন রাষ্ট্রপতি।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## অভিযোগ পেলে পিডিদের বিরুদ্ধে ব্যবস্থা, প্রয়োজনে পরিবর্তন : কৃষিমন্ত্রী

প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকল্প পরিচালক, পিডিদের বিরুদ্ধে অভিযোগ পেলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে জানিয়ে কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ বলেন, 'প্রয়োজনে প্রকল্প পরিচালক পরিবর্তন করা হবে।' মঙ্গলবার, ২৩শে এপ্রিল সচিবালয়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় মন্ত্রী এ কথা বলেন। প্রকল্প পরিচালকদের উদ্দেশ্যে মন্ত্রী ড. আব্দুস শহীদ বলেন, 'প্রকল্প যথাসময়ে সফলভাবে বাস্তবায়ন করতে হবে, পিছিয়ে থাকলে চলবে না। আর্থিক ব্যয় ঠিকমতো করতে হবে। আর্থিক অগ্রগতির পাশাপাশি ভৌত অগ্রগতিও দেখতে হবে এবং কাজের গুণগতমান বজায় রাখতে হবে।' তিনি বলেন, 'প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকল্প পরিচালক পিছিয়ে থাকলে বা কারো বিরুদ্ধে কোনো অভিযোগ পেলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে প্রকল্প পরিচালক পরিবর্তন করা হবে।' সভায় জানানো হয়, কৃষি মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মার্চ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ৫০ শতাংশ। এসময় পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি হয়েছে ৪২ শতাংশ। গত বছর একই সময়ে কৃষি মন্ত্রণালয়ের অগ্রগতি ছিল ৪২ শতাংশ। সভায় আরো জানানো হয়, চলমান ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে কৃষি মন্ত্রণালয়ের আওতায় ৮০টি প্রকল্পের অনুকূলে মোট ৪ হাজার ৫২৮ কোটি টাকা বরাদ্দ আছে। এবছর সবচেয়ে বেশি বরাদ্দ দেওয়া হয়েছে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পে ৬৯৮ কোটি টাকা এবং পার্টনার প্রকল্পে ৬৬০ কোটি টাকা। সভায় সঞ্চালনা করেন কৃষি সচিব ওয়াহিদা আক্তার। এ সময় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং সংস্থা প্রধানসহ প্রকল্প পরিচালকরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## শ্রম আইন নিয়ে যুক্তরাষ্ট্র টালবাহানা করছে : শ্রম প্রতিমন্ত্রী

শ্রম আইন নিয়ে যুক্তরাষ্ট্র টালবাহানা করছে মন্তব্য করে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী নজরুল ইসলাম চৌধুরী বলেন, ‘আমরা তাদের সন্তুষ্ট করার চেষ্টা করি; কিন্তু পারি না। আমাদের ভাগ্য খারাপ।’ মঙ্গলবার, ২৩শে এপ্রিল সচিবালয়ে মন্ত্রণালয় সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশের শ্রম আইনের আরো উন্নতি চাচ্ছে যুক্তরাষ্ট্র। সাংবাদিকরা এ বিষয়ে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, ‘আন্তর্জাতিক শ্রম সংস্থা, আইএলও-এর সম্মেলনেও এই শ্রম আইন নিয়ে কথা হয়েছে। এর আগেও আমরা আইনটি পাস করার পর্যায়ে ছিলাম, কিন্তু আইএলও থেকে অনুরোধ করা হলো, এটিকে আরো সমৃদ্ধ ও যুগোপযোগী করতে। সেই অনুরোধের পরিপ্রেক্ষিতে গত সংসদে আমরা আইনটি পাস করিনি।’ তিনি বলেন, 'এবার তাদের সঙ্গে কথা হয়েছে, পরবর্তী ২রা মে যে বাজেট অধিবেশন শুরু হবে, সেখানে এ আইনটি সবার সঙ্গে কথাবার্তা ও পরামর্শ নিয়ে পাস করব। তিনি আরো বলেন, 'মন্ত্রণালয় সবসময় শ্রমিকের পক্ষে। আবার মালিকদেরও গলাটিপে মেরে ফেলা যাবে না, হাঁস গলাটিপে মারলে সোনার ডিম পাওয়া যাবে না। আমরা চাই সবাইকে সঙ্গে রেখে সমন্বয় করে একটি যুগোপযোগী শ্রম আইন পাস করাতে।' শ্রম প্রতিমন্ত্রী বলেন, ‘যুক্তরাষ্ট্র একটা টালবাহান করছে। তারা একটা করলে আরেকটা দাবি করবে। যতক্ষণ না তাদের চাহিদা পূরণ করতে পারব না, ততক্ষণ তারা আমাদের এগুলো করতে থাকবে। পরাশক্তির অনেকগুলো হাত। কিন্তু আওয়ামী লীগ ক্ষমতার লোভী না। বঙ্গবন্ধু বলেছেন, আমরা দেশের মানুষের অধিকার চাই।' তিনি বলেন, 'আমেরিকা বড় শক্তি। তাদের অবশ্যই পরোয়া করতে হয়। তাই বলে আমাদের স্বকীয়তা বিলিয়ে দিয়ে তাদের সঙ্গে আপস করতে রাজি না। যুক্তরাষ্ট্র যে সুপারিশ দিয়েছে, সেটা আমরা নেব, তবে যাচাই-বাছাই করে। যেগুলো নিতে পারব না, বিনয়ের সঙ্গে বলব, এগুলো নেওয়া যাচ্ছে না। আর যা নেব, সেটাও তাদের জানাব।' যুক্তরাষ্ট্রকে বাংলাদেশের বন্ধু আখ্যায়িত করে প্রতিমন্ত্রী বলেন, 'তারা আমাদের সহায়তা করে। তারা বিভিন্ন খাতে আমাদের সুযোগ-সুবিধা দেয়। আমরা চেষ্টা

করবো তাদের শর্ত রাখার জন্য। আমরা হয়তো অনেক সময় তাদের সন্তুষ্ট রাখার চেষ্টা করি, তারপরেও পারি না।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## এডিপি বাস্তবায়নে ধীরগতি, তিন মাসে খরচের লক্ষ্য ১ লাখ ৪৬ হাজার কোটি টাকা

চলতি অর্থবছর ২০২৩-২৪ এর প্রথম ৯ মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপি বাস্তবায়নে ধীরগতি দেখা গেছে। মার্চ পর্যন্ত মোট প্রাক্কলিত ব্যয়ের ৪২ দশমিক ৩০ শতাংশ বাস্তবায়িত হয়েছে। মঙ্গলবার, ২৩শে এপ্রিল পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, এই ৯ মাসে এডিপির বাজেট থেকে ১ লাখ ৭ হাজার ৬১২ কোটি ৪৫ লাখ টাকা ব্যয় করতে সক্ষম হয়েছে সরকার। অথচ এই অর্থবছরে মোট বরাদ্দের পরিমাণ ২ লাখ ৫৪ হাজার ৩৯১ কোটি টাকা। চলতি অর্থবছরে হাতে সময় আছে তিন মাস। এই সময়ে সরকারের খরচের লক্ষ্য ১ লাখ ৪৬ হাজার ৭৭৯ কোটি ১৯ লাখ টাকা। সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০২২-২৩ অর্থবছরে ৪১ দশমিক ৬৫, ২০২১-২২ অর্থবছরে ৪৫ দশমিক ০৫, ২০২০-২১ অর্থবছরে ৪১ দশমিক ৯২ ও ২০১৯-২০ অর্থবছরে এডিপি বাস্তবায়নের হার ছিল ৪৫ দশমিক ০৮ শতাংশ। চলতি অর্থবছরে মোট প্রকল্পের সংখ্যা ১ হাজার ৬৭৪টি। ৫৮টি মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে এডিপি বাস্তবায়নে শীর্ষে দুর্নীতি দমন কমিশন, দুদক ৯৬ দশমিক ৮৫ শতাংশ। এডিপি বাস্তবায়নে বেহালদশা দেখা গেছে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে মাত্র ১৩ দশমিক ৮৯ শতাংশ।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## ঝিনাইদহ-১ আসনে উপ-নির্বাচন ৫ই জুন

ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাইয়ের মৃত্যুর পর শূন্য হওয়া আসনে আগামী ৫ই জুন ভোট গ্রহণ করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিব মোঃ জাহাংগীর আলম। মঙ্গলবার, ২৩শে এপ্রিল বিকেলে নির্বাচন কমিশনের ৩২তম সভা শেষে গণমাধ্যমকে তিনি এ তথ্য জানান। জাহাংগীর আলম জানান, ঝিনাইদহ-১ আসনে উপ-নির্বাচনের ভোট গ্রহণ করা হবে। দ্বাদশ সংসদ নির্বাচনে এ আসনে বিজয়ী আব্দুল হাইয়ের মৃত্যুতে আসনটি শূন্য হয়।' ইসি সচিব বলেন, 'উপ-নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ৭ই মে, মনোনয়নপত্র বাছাই ৯ই মে, বাছাইয়ের বিরুদ্ধে আপিল ১০ থেকে ১৪ই মে, আপিল নিষ্পত্তি ১৫ই মে, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৬ই মে এবং প্রতীক বরাদ্দ ১৭ই মে। এ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন খুলনা অঞ্চলের আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা। গত ১৬ই মার্চ ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই মারা যান। তিনি লিভার সিরোসিস ও নিউমোনিয়ায় আক্রান্ত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## ভারতের রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী নিলেন বন্যা

উপমহাদেশের প্রখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা ভারতের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক 'পদ্মশ্রী' পদক গ্রহণ করেছেন। সোমবার, ২২শে এপ্রিল সন্ধ্যায় দিল্লিতে ভারতের রাষ্ট্রপতি ভবনে দেশটির রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে পদ্মশ্রী পুরস্কার নেন তিনি। রবীন্দ্র সঙ্গীতের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তাকে এ সম্মাননা দিয়েছে ভারত সরকার। বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ এ বছর পাঁচজন গুণী ব্যক্তিত্বকে পদ্মবিভূষণ, ১৭ জনকে পদ্মভূষণ ও ১১০ জনকে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত করে ভারত সরকার। তাদের মধ্যে ৩০ জন নারী, ৮ জন বিদেশি এবং ৯ জন মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিও রয়েছেন। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড়-সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। গত ২৫শে জানুয়ারি ভারত সরকার ২০২৪ সালের পুরস্কারপ্রাপ্তদের নামের তালিকা প্রকাশ করে। সোমবার বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে এসব সম্মাননা সমাজের নানা ক্ষেত্রে অবদান রাখা ব্যক্তিদের হাতে তুলে দেওয়া হয়। রেজওয়ানা চৌধুরী বন্যা ২০১৬ সালে বাংলাদেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার স্বাধীনতা পদক পান। এছাড়াও তিনি বহু পুরস্কার পেয়েছেন। 'পদ্মশ্রী' ভারতের সর্বোচ্চ বেসামরিক পুরস্কারগুলোর মধ্যে একটি। প্রতি বছর 'পদ্মবিভূষণ', 'পদ্মভূষণ' এবং 'পদ্মশ্রী' নামে তিনটি বিভাগে এ পুরস্কার দেওয়া হয়। ১৯৫৭ সালে রংপুর জেলায় বন্যার জন্ম। চাচা আব্দুল আলীর কাছ থেকে তার প্রাথমিক গানের পাঠ নেন। পরবর্তীকালে এই সংগীত চর্চা সনজিদা খাতুন এবং আতিকুল হকের তত্ত্বাবধানে ঢাকার ছায়ানট এবং বুলবুল একাডেমি অফ ফাইন আর্টসে অব্যাহত থাকে। পরে তিনি ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস, আইএসসিআর থেকে শান্তি নিকেতনের সঙ্গীত ভবনে পড়ার জন্য বৃত্তি পান। রবীন্দ্রনাথ ঠাকুর নিজেই এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করেছিলেন। তিনি বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী কণিকা বন্দ্যোপাধ্যায়, নীলিমা সেন, শৈলজারঞ্জন মজুমদার, শান্তিদেব ঘোষ, গোরা সর্বাধিকারি, মঞ্জু বন্দ্যোপাধ্যায় এবং আশেষ বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকে শিক্ষা নেন। বিশ্বভারতী থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভের কয়েক বছর পর তিনি কণিকা ব্যানার্জির অধীনে বর্ধিত সময়ের জন্য ব্যক্তিগত সেশনে প্রশিক্ষণ নেন। ২০২১ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্র সঙ্গীতের ওপর তার গবেষণা সম্পন্ন করেন এবং এর জন্য পিএইচডি ডিগ্রি লাভ করেন। বন্যা বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্য বিভাগের অধ্যাপক ও প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। এর আগে তিনি একই বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের অধ্যাপক ছিলেন। রবীন্দ্র সঙ্গীতের প্রচার ও প্রসারে বন্যা একজন প্রবর্তকের ভূমিকা পালন করেন। এ লক্ষ্যে ১৯৯২ সালে ঢাকার একটি মর্যাদাপূর্ণ সঙ্গীত বিদ্যালয় 'সুরের ধারা' প্রতিষ্ঠা করেন। ২০২২ সালে বাংলাদেশ সরকার আত্মজীবনী ও ফটোগ্রাফ সম্বলিত বন্যার পাঁচ হাজার গান সংরক্ষণ

করে একটি ওয়েবসাইট চালু করেছে। বন্যা শিল্প ও সঙ্গীতের ক্ষেত্রে তার অবদানের জন্য মর্যাদাপূর্ণ স্বাধীনতা দিবস পুরস্কারসহ অনেক পুরস্কার পেয়েছেন। অন্য পুরস্কার গুলোর মধ্যে রয়েছে, সেরা নারী রবীন্দ্র সঙ্গীত শিল্পী হওয়ার জন্য আনন্দ সঙ্গীত পুরস্কার, ২০০২, গানে গানে গুণীজন সংবর্ধনা, ২০১১, ভারতের সংস্কৃতি মন্ত্রণালয় থেকে ২০১৩ সালে সঙ্গীত সম্মান পুরস্কার, বঙ্গ ভূষণ ২০১৭, ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ২০১৭, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক সঙ্গীত মহা সম্মান, ২০১৭, এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, ২০১৯ থেকে অনারারি ডক্টরেট অফ আর্টস সম্মাননা উল্লেখযোগ্য। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

## দাবদাহ থেকে বাঁচতে গোসলে নেমে ১০ দিনে প্রাণ গেলো ৯ শিশু-কিশোরের

রাজশাহীতে চলছে তীব্র তাপপ্রবাহ। এপ্রিলের শুরু থেকেই এ বৈরী আবহাওয়া বিরাজ করছে। দাবদাহ থেকে বাঁচতে অনেকেই নামছেন নদী বা পুকুরে। বিশেষ করে শিশু-কিশোররা। আর তাতেই ঘটছে দুর্ঘটনা। গত ১০ দিনে রাজশাহীতে ৯ শিশু-কিশোর পানিতে ডুবে মারা গেছে। এদের মধ্যে একজন তরুণও রয়েছেন। সবশেষ মঙ্গলবার, ২৩শে এপ্রিল তিন কিশোরের মরদেহ উদ্ধার করা হয়েছে। ফায়ার সর্ভিস ও নৌপুলিশের তথ্যমতে, ১৪ই এপ্রিল রাজশাহীর বাঘায় বিয়েবাড়িতে এসে পানিতে ডুবে মারা যায় জান্নাত খাতুন, ৮ ও ঝিলিক খাতুন, ১২ নামের দুই শিশু। শুক্রবার, ১৯শে এপ্রিল পদ্মায় গোসল করতে নেমে আরো এক শিশু মারা যায়। শনিবার, ২০শে এপ্রিল বাঘা উপজেলায় পদ্মা নদীতে নৌকায় করে গোসল করতে গিয়ে মারা যান আসাদ হোসেন, ১৮ নামের এক তরুণ। রোববার, ২১শে এপ্রিল পবায় পদ্মা নদীতে গোসল করতে নামেন বাপ্পি হোসেন, ১৬ ও মনির হোসেন, ২০। পরে ডুবে মারা যান তারাও। সবশেষ মঙ্গলবার রাজশাহী কাটাখালী এলাকায় পানিতে ডুবে তিন কিশোরের মৃত্যু হয়। তারা হলো কাটাখালী বাখরাবাজ এলাকার রেন্টুর ছেলে যুবরাজ, ১২, লিটনের ছেলে আরিফ, ১৩ ও নুর ইসলামের ছেলে জামাল, ১২। রাজশাহী আবহাওয়া অফিস জানিয়েছে, সবশেষ গত ১৪ই এপ্রিল মাত্র দশমিক ২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে রাজশাহীতে। এর আগে ৩০ মার্চ রাতে জেলায় মাত্র ১ মিলিমিটার বৃষ্টি হয়েছিল। অথচ সোমবার, ২২শে এপ্রিল জেলায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪০ ডিগ্রি সেলসিয়াস। তার আগের দুইদিন সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। মঙ্গলবার রাজশাহীর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। রাজশাহী ফায়ার সার্ভিস স্টেশনের সিনিয়র স্টেশন কর্মকর্তা আবু সামা বলেন, 'রাজশাহীতে গত কয়েকদিন ধরেই পানিতে ডুবে মৃত্যু বেড়েছে। বিশেষ করে নদীতে ডুবে। আমার ধারণা করছি, গরম থেকে পরিত্রাণ পেতে কিশোররা নদীতে গোসল করতে গিয়ে মারা যাচ্ছে।' তিনি আরো বলেন, 'যারা মারা যাচ্ছেন তাদের অনেকেই সাঁতার জানতেন না। আবার অনেকেই সাঁতার জানতেন। কিন্তু একজন ডুবে যাচ্ছে দেখে আরেকজন ধরতে গিয়ে দুইজনই ডুবে মারা যাচ্ছে বলে আমরা প্রাথমিকভাবে ধারণা করছি।' গরম বেড়েছে। এসময় শিশু-কিশোর যারা সাঁতার জানে না তারা যাতে নদীতে গোসলে না যায়, সেদিকে নজর দিতে অভিভাবকদের প্রতি আহ্বান জানান ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা। তিনি বলেন, 'এটি করা গেলে মৃত্যু অনেকটাই কমে আসবে।' রাজশাহী মহানগর নৌ পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান বলেন, 'নদীতে ডুবে মারা যাওয়ার ঘটনায় আমার খুবই মর্মহত। আমরা এসব ঘটনা কমাতে এরই মধ্যে উদ্যোগ নিয়েছি। আমরা ক্যাম্পেইন করবো। তিনি আরো বলেন, 'আমরা প্রতিটি ঘাটে ঘাটে গিয়ে নির্দেশনামূলক বক্তব্য দিচ্ছি। এর পাশাপাশি ব্যানার-ফেস্টুন লাগানো হবে। পাশাপাশি শিশু-কিশোর বা যারা সাঁতার জানে না, তারা যাতে নদীনে না নামে সে বিষয়ে কঠোর নির্দেশনা দেওয়া হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৪.২০২৪ প্রতীক)

# BBC

## MASS ARRESTS MADE AS US CAMPUS PROTESTS OVER GAZA SPREAD

Protests over the war in Gaza have taken hold at a handful of elite US universities as officials scramble to defuse demonstrations. Police moved to break up an encampment at New York University (NYU) on Monday night, making a number of arrests. Dozens of students were arrested at Yale earlier in the day, while Columbia University cancelled in-person classes. The wave of demos has been marred by alleged antisemitic incisions, which have been condemned by the White House. (BBC Web Page: 23/04/24, FARUK)

## CHILD, 7, AMONG FIVE DEAD ON CHANNEL MIGRANT BOAT

Five people, including a child, have died while trying to cross the English Channel in the early hours of Tuesday, French authorities have said. The coast guard said the victims were trying to get to the UK on an overloaded boat carrying 110 migrants. According to officials, the boat initially ran aground on a sandbank after setting off from Wimereux near Boulogne before continuing. Several search-and-rescue-operations are under way. Three men, a woman and a child died when the passengers on the overloaded boat moved, crushing them. (BBC Web Page: 23/04/24, FARUK)

## GERMAN FAR-RIGHT PARTY AIDE HELD IN CHINA SPY PROBE

Prosecutors have arrested a man working for a far-right politician on suspicion of spying for China. They have identified the man as Jian G, 43, named by German media as an assistant

to AfD MEP and European election candidate Maximilian. Prosecutors say he was arrested in the eastern city of Dresden. They allege he passed information about the European Parliament to Chinese intelligence. Jian G is also suspected of spying on Chinese opposition figures in Germany. (BBC Web Page: 23/04/24, FARUK)

**HAITI SITUATION CATASTROPHIC AND GROWING WORSE: UN**

Three million children in Haiti are in need of humanitarian assistance as continuing gang violence hampers aid delivery, the head of the UN children's agency, Unicef, has said. Catherine Russell said the situation in gang-wracked Haiti was catastrophic and growing worse by the day. She told a meeting of the UN Security Council that in many areas essential services had collapsed. Meanwhile, a transitional presidential council has still not been sworn in. (BBC Web Page: 23/04/24, FARUK)

**TEN DEAD AFTER MALAYSIA NAVY HELICOPTERS COLLIDE**

Two Malaysian navy helicopters collided in mid-air as they flew in formation during a rehearsal for a military parade, killing all 10 crew on board. One of the aircraft clipped the rotor of the other before the two crashed into the ground, footage published on local media showed. The incident took place at 09:30 local time in the Malaysian town of Lumut, which is home to a Royal Malaysian Navy base. There are no known survivors.
(BBC Web Page: 23/04/24, FARUK)

**VOYAGER-1 SENDS READABLE DATA AGAIN FROM DEEP SPACE**

The US space agency says its Voyager-1 probe is once again sending usable information back to Earth after months of spouting gibberish. The 46-year-old Nasa spacecraft is humanity's most distant object. A computer fault stopped it returning readable data in November but engineers have now fixed this. For the moment, Voyager is sending back only health data about its onboard systems, but further work should get the scientific instruments back online. Voyager-1 is more than 24 billion km away, so distant, its radio messages take fully 22.5 hours to reach us. (BBC Web Page: 23/04/24, FARUK)

**AUSTRALIA PM CALLS ELON MUSK AN ARROGANT BILLIONAIRE**

Australia's leader has called Elon Musk an arrogant billionaire in an escalating feud over X's reluctance to remove footage of a church stabbing. On Monday, an Australian court ordered Mr Musk's social media firm - formerly called Twitter - to hide videos of last week's attack in Sydney. X previously said it would comply pending a legal challenge. Prime Minister Anthony Albanese's criticism followed Mr Musk using a meme to accuse his government of censorship. On Tuesday, Mr Albanese told ABC News that Mr Musk thinks he's above the law but also above common decency. (BBC Web Page: 23/04/24, FARUK)

**PALESTINIAN UN AGENCY MUST IMPROVE NEUTRALITY: REPORT**

A UN report into the Palestinian refugee agency UNRWA has concluded it must do more to improve its neutrality, staff vetting and transparency. But the independent review also said that Israel had failed to back up a claim that many of the agency's staff belonged to terror groups. Some of UNRWA's staff were accused by Israel of involvement in the 7 October attacks and of being Hamas members. This led several countries to halt funding to the humanitarian agency. The new report says Israel has not yet provided supporting evidence for its allegations. (BBC Web Page: 23/04/24, FARUK)

**ASIA BEARS BIGGEST CLIMATE CHANGE BRUNT AMID EXTREME WEATHER: WMO**

Asia was the region most affected by climate change, weather and water-related hazards globally last year, the United Nations weather agency has said. In a report published on Tuesday, the World Meteorological Organization (WMO) said floods and storms were the main cause of casualties and economic damage in 2023, while the impact of heatwaves became more severe. It found that Asia has been warming faster than the global average, with temperature rises in 2023 averaging nearly 2 degrees Celsius above the 1961-90 average. "Many countries in the region experienced their hottest year on record in 2023, along with a barrage of extreme conditions, from droughts and heatwaves to floods and storms," WMO chief Celeste Saulo said in a statement. (BBC Web Page: 23/04/24, FARUK)

**UK PASSES LAW TO SEND ASYLUM SEEKERS TO RWANDA**

A controversial United Kingdom government bill to send asylum seekers to Rwanda has finally secured the approval of the upper house of parliament, which had demanded numerous amendments, as Prime Minister Rishi Sunak promised to start the first flights to

Kigali within weeks. Sunak hopes the legislation will boost the dismal fortunes of his Conservative Party in an election widely expected to take place later this year. The House of Lords, an unelected chamber, had long refused to back the divisive plan without additional safe guards, but relented after Sunak said the government would force parliament to sit as late into Monday night as necessary to get the bill passed.
(BBC Web Page: 23/04/24, FARUK)

## ::The End::